# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 11, 1432 Bangla, February 24, 2026, Tuesday, No. 55, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman reiterated his 'Bangladesh First' policy during a courtesy call with Chinese Ambassador to Bangladesh Yao Wen. (Jago News: 15)

Power Minister Iqbal Hasan Mahmud Tuku has said the govt will have to implement 'disaster management' to deal with the challege of meeting electricity demand for irrigation & summer season. (BBC: 06)

Home Minister Salahuddin Ahmed has said the govt has decided to form a new commission to reinvestigate the 2009 BDR mutiny in Pilkhana. (BBC: 03)

The government is set to introduce a "Farmer Card" for farmers across the country --- said Information and Broadcasting Minister Zahir Uddin Swapan. (Jago News: 16)

Officials and experts from the Ministry of Power, Energy and Mineral Resources say one of the major challenges for the new government is increasing gas supply. (DW: 15)

The government has appointed Md Aminul Islam as the new chief prosecutor of the International Crimes Tribunal, replacing Tajul Islam. (DW: 15)

The High Court has asked the government to explain why the Village Court Act, 2006 should not be declared contradictory to the constitution and made null and void. (Jago News: 19)

Kushtia Jamaat leader and newly elected MP Amir Hamza has been accused of moral policing in the name of 'protecting the sanctity of Ramadan'. (BBC: 08)

DCCI President Taskin Ahmed has said extortion had increased by 20 to 50 percent in the country during the interim government. (Jago News: 17)

Five people, including a father and son, have been killed and several others injured in a clash between two parties in Narail. (BBC: 04)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ১১, বাংলা ১৪৩২, ফেব্রুয়ারি ২৪, ২০২৬, মঙ্গলবার, নং- ৫৫, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তাঁর বাংলাদেশ ফার্স্ট, নীতি তুলে ধরেছেন। (জাগো নিউজ: ১৫)

সেচ ও গ্রীষ্ম মৌসুমের বিদ্যুৎ চাহিদা মিটিয়ে পরিস্থিতি সামাল দিতে সরকারকে 'ডিজাস্টার ম্যানেজমেন্ট' করতে হবে বলে মন্তব্য করেছেন বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ । (বিবিসি: ০৬)

পিলখানায় সংঘটিত ২০০৯ সালের বিডিআর বিদ্রোহের ঘটনা পুনঃতদন্ত করতে নতুন করে কমিশন গঠন করা হবে বলে জানিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রী সালাহউদ্দিন আহমদ। (বিবিসি: ০৩)

দেশের কৃষকদের নানা সুবিধার আওতায় আনতে শিগগির কৃষি কার্ড বিতরণ শুরু হবে-- জানিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। (জাগো নিউজ: ১৬)

দেশে তীব্র গ্যাস সংকট সম্পর্কে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের কর্মকর্তা ও বিশেষজ্ঞরা বলছেন, নতুন সরকারের সামনে বড় চ্যালেঞ্জগুলোর একটি গ্যাস সরবরাহ বাড়ানো। (ডয়চে ভেলে: ১৫)

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর তাজুল ইসলামকে সরিয়ে নতুন প্রসিকিউটর হিসেবে অ্যাডভোকেট আমিনুল ইসলামকে নিয়োগ দেয়া হয়েছে। (ডয়চে ভেলে: ১৫)

গ্রাম আদালত আইন, ২০০৬ কেন অসাংবিধানিক ও বাতিল ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। (জাগো নিউজ: ১৯)

কুষ্টিয়ার জামায়াত নেতা ও নবনির্বাচিত সংসদ সদস্য আমির হামজার বিরুদ্ধে 'রমজানের পবিত্রতা রক্ষার' নামে মরাল পুলিশিং করার অভিযোগ উঠেছে। (বিবিসি: ০৮)

অন্তর্বর্তী সরকারের সময়ে দেশে ২০ থেকে ৫০ শতাংশ পর্যন্ত চাঁদাবাজি বেড়েছে বলে জানিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি তাসকীন আহমেদ। (জাগো নিউজ: ১৭)

নড়াইলে দুই পক্ষের সংঘর্ষে বাবা ছেলেসহ ৫ জন নিহত ও বেশ কয়েকজন আহত হয়েছেন। (বিবিসি: ০৪)

# বিবিসি

## ১২ মার্চ জাতীয় সংসদের প্রথম অধিবেশন ডেকেছেন রাষ্ট্রপতি

আগামী ১২ মার্চ ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন আহ্বান করেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। জাতীয় সংসদ ভবনের সংসদ কক্ষে বেলা ১১টায় এদিন অধিবেশন শুরু হবে। সোমবার জাতীয় সংসদ সচিবালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ১২ মার্চ বৃহস্পতিবার বেলা ১১টায় ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম (২০২৬ খ্রিষ্টাব্দের প্রথম) অধিবেশন আহ্বান করেছেন। রাষ্ট্রপতি সংবিধানের ৭২ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতাবলে এই অধিবেশন আহ্বান করেছেন। প্রথা অনুযায়ী, নতুন সংসদের প্রথম অধিবেশনে রাষ্ট্রপতি সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ড ও আগামীর পরিকল্পনা তুলে ধরে ভাষণ দেন। এরপর রাষ্ট্রপতির ভাষণের ওপর আনীত ধন্যবাদ প্রস্তাবের ওপর সাধারণ আলোচনা অনুষ্ঠিত হয়। গত ১৭ ফেব্রুয়ারি জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী ২৯৭ জন সংসদ সদস্য শপথ গ্রহণ ও অন্যান্য আনুষ্ঠানিকতা সম্পন্ন করেছেন। বিএনপির পক্ষ থেকে জানানো হয়েছে, ১২ মার্চের অধিবেশনে নির্বাচিত করা হবে ত্রয়োদশ সংসদের স্পিকার ও ডেপুটি স্পিকার। (বিবিসি ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ এলিনা)

## ঢাকাসহ ছয় সিটি করপোরেশনে বিএনপি নেতাদের প্রশাসক নিয়োগ

ঢাকার দুই সিটিসহ বাংলাদেশের ছয়টি সিটি করপোরেশনে নতুন করে প্রশাসক নিয়োগ দিয়েছে সরকার। নিয়োগপ্রাপ্ত সবাই বিএনপির রাজনীতির সঙ্গে জড়িত এবং একাধিক নেতা জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে পরাজিত হয়েছেন। সোমবার সরকার এক প্রজ্ঞাপন জারি করে জানিয়েছে, ঢাকা সিটি করপোরেশনে নতুন প্রশাসক হিসেবে দায়িত্ব পেয়েছেন মো. শফিকুল ইসলাম খান উত্তরে এবং ঢাকা দক্ষিণ সিটিতে মো. আব্দুস সালাম। ঢাকা উত্তরের শফিকুল ইসলাম খান সংসদ নির্বাচনে ঢাকা-১৫ আসনে বিএনপির প্রার্থী ছিলেন। জামায়াতের আমীরের কাছে তিনি পরাজিত হন। দক্ষিণের প্রশাসক আব্দুস সালাম বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা কাউন্সিলের সদস্য ও ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির আহ্বায়ক ছিলেন। এছাড়া, গাজীপুরে মো. শওকত হোসেন সরকার, নারায়ণগঞ্জে মো. সাখাওয়াত হোসেন খান, খুলনায় নজরুল ইসলাম মঞ্জু এবং সিলেটে আব্দুল কাইয়ুম চৌধুরী প্রশাসক হিসেবে নিয়োগ পেয়েছেন। প্রজ্ঞাপনে বলা হয়েছে স্থানীয় সরকার অধ্যাদেশ-২০২৪ (সংশোধন)-এর ২৫ক-এর উপধারা (১) অনুযায়ী, করপোরেশন গঠিত না হওয়া পর্যন্ত অথবা পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত তারা সিটি করপোরেশনের পূর্ণকালীন প্রশাসক হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়েছেন। প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে, নিয়োগ পাওয়া প্রশাসকরা সিটি করপোরেশনের মেয়রের ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন এবং জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। ২০২৪ সালের ১৯ আগস্ট দেশের ১২টি সিটি করপোরেশনের মেয়রদের অপসারণ করে প্রশাসক নিয়োগ দেয় অন্তর্বর্তী কালীন সরকার। (বিবিসি ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ এলিনা)

## বিডিআর বিদ্রোহের ঘটনা তদন্তে নতুন কমিশন হবে : স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ

পিলখানায় সংঘটিত ২০০৯ সালের বিডিআর বিদ্রোহের ঘটনা পুনঃতদন্ত করতে নতুন করে কমিশন গঠন করতে চায় সরকার। সোমবার স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ এক ব্রিফিংয়ে এ কথা জানিয়েছেন। সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেছেন, "এটার জন্য আরেকটা তদন্ত কমিশন গঠন করার কথা বলেছি, আমাদের প্রতিশ্রুতি আছে। আমাদের ইশতেহারের মধ্যেও আছে। আমরা বিডিআর (বিদ্রোহের) ঘটনাটা পুঙ্খানুপুঙ্খভাবে পুনঃতদন্ত অথবা একটা কমিশন গঠন করে কমিশনের রিপোর্ট অনুসারে কাজ করবো। আমরা ন্যায়বিচার প্রতিষ্ঠার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।„ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনস্ত দপ্তর ও সংস্থার প্রধানদের সঙ্গে বৈঠক শেষে ব্রিফিংয়ে বেশকিছু সিদ্ধান্তের কথা জানান স্বরাষ্ট্রমন্ত্রী। ২০২৪ সালের ৫ আগস্ট পরবর্তী গণহারে হয়রানিমূলক মামলা হয়েছে উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, যে-সব মানুষ মামলাবাজির শিকার হয়ে ভোগান্তিতে আছেন, সেসব মামলা পরীক্ষা-নিরীক্ষা করে পুলিশকে প্রতিবেদন দেওয়ার নির্দেশনা দেয়া হয়েছে।

"৫ই আগস্টের পর বেশকিছু মামলায় অনেক ব্যবসায়ী, সমাজের বিশিষ্ট ব্যক্তিদের আসামি করা হয়েছে। অনেক মানুষকে ভোগান্তিতে ফেলা হয়েছে। পরীক্ষা-নিরীক্ষা করে তাদের ভোগান্তি যেন না হয়, সে ব্যবস্থা করার নির্দেশনা দেওয়া হয়েছে।„ তিনি বলেন, সরকারের প্রথম অগ্রাধিকার দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়ন করা ও জনমনে স্বস্তি শান্তি দেওয়া। এক প্রশ্নের জবাবে মি. আহমদ বলেন, বাংলাদেশে মব কালচার শেষ। যদি কোথাও হয়ে থাকে, আমরা অ্যাড্রেস করবো। "মব কালচারের বিরুদ্ধে আমরা রিঅ্যাক্ট করবো খুব কঠোরভাবে। দেশে কোনো মব কালচার থাকবে না। মব সৃষ্টির মাধ্যমে, মহাসড়ক অবরোধের মাধ্যমে দাবি আদায় করার জামানা শেষ। বৈধ পন্থায় স্মারকলিপি দেবে, মিছিল করবে, সমাবেশ করবে আদালতে যাবে।„ "যে-কোনো বৈধ আইনানুগ দাবি-দাওয়া থাকলে, সেটা যথাযথ ফোরামে উপস্থাপন করবে, বিবেচনা হবে, এটাই নিয়ম। রাস্তায় দাঁড়িয়ে গেলাম পরীক্ষা দেব না আগামীকালকে, সেটা হবে না।„ বৈঠকে পুলিশ সুপারদেরকে দেশে রাজনৈতিক কারণে বিধির বাইরে কোনো ব্যক্তিকে

প্রোটোকল না দেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে। এছাড়া, ২৭০১ শূন্য পদে কনস্টেবল নিয়োগ দেওয়া এবং অতীতে সরকারের সময় নিয়োগপ্রাপ্ত কনস্টেবলদের নাম-ঠিকানা জালিয়াতি হয়েছে কি-না, সেটি তদন্তের নির্দেশনা দেওয়া হয়েছে। এছাড়া, সারা দেশে নির্বাচনের আগে লটারির মাধ্যমে ওসিদের বদলি হয়েছিল, সেটি এখন যোগ্যতা-দক্ষতা বিবেচনায় নতুন করে বদলির নির্দেশনা দেওয়া হয়েছে। অন্তর্বর্তীকালীন সরকারের সময় এ প্রক্রিয়া 'স্বচ্ছ ছিল না' বলেও মনে করেন স্বরাষ্ট্রমন্ত্রী। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বৈঠকে পাসপোর্ট অফিসে ভোগান্তি বন্ধে দলিল লেখকদের আদলে পরীক্ষামূলকভাবে সহায়তাকারীদের নিবন্ধন দেওয়ারও সিদ্ধান্ত হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী মি. আহমদ আরো জানান, পুলিশের কাজে অবৈধভাবে কেউ যাতে হস্তক্ষেপ করতে না পারে, এ ব্যাপারে কঠোর নির্দেশনা দেওয়া হয়েছে। "কেউ পুলিশের কাজে বাধা দিতে পারবে না। তবে পুলিশের জবাবদিহিতাও নিশ্চিত করা হবে। যাতে এই সুযোগ নিয়ে পুলিশ যেন কোনো জনভোগান্তির কারণ না হয়।„ স্বরাষ্ট্রমন্ত্রী আরো জানান, বিগত সরকারের সময় দেওয়া অস্ত্রের লাইসেন্স পুনরায় ভেরিফিকেশন ও যাচাই-বাছাই করারও সিদ্ধান্ত নেওয়া হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ এলিনা)

## আইসিটি থেকে তাজুলকে সরিয়ে দিয়েছে সরকার, নতুন চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর তাজুল ইসলামকে সরিয়ে দিয়েছে সরকার। সোমবার এক প্রজ্ঞাপনে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় জানিয়েছে, তার জায়গায় নতুন প্রসিকিউটর হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে অ্যাডভোকেট আমিনুল ইসলামকে। বিএনপি সরকার গঠনের পর তাজুল ইসলামকে সরিয়ে দেওয়ার ব্যাপারে গুঞ্জন চলছিল। সুপ্রিম কোর্টের আইনজীবী তাজুল ইসলামকে ২০২৪ সালের ৫ সেপ্টেম্বর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর নিয়োগ দেয় তৎকালীন অন্তর্বর্তী সরকার। প্রজ্ঞাপনে বলা হয়েছে, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর হিসেবে মোহাম্মদ তাজুল ইসলামের নিয়োগ বাতিল করা হলো। ট্রাইব্যুনালের মামলা পরিচালনার জন্য আইনজীবী আমিনুল ইসলামকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত চিফ প্রসিকিউটর পদে নিয়োগ দেওয়া হলো। অ্যাটর্নি জেনারেলের সমান পদমর্যাদা, বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা পাবেন তিনি। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। (বিবিসি ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ এলিনা)

## নড়াইলে দুই গ্রুপের সংঘর্ষে বাবা-ছেলেসহ নিহত ৫

নড়াইলে দুইপক্ষের সংঘর্ষে বাবা ছেলেসহ ৫ জন নিহত ও বেশ কয়েকজন হয়েছেন। সোমবার ভোরে জেলার সিঙ্গাশোলপুর ইউনিয়নের বড়কোলা এলাকায় এ সংঘর্ষ বাধে। পুলিশ জানাচ্ছে, আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে এই ঘটনা। এখন ঘটনাস্থলে পরিস্থিতি নিয়ন্ত্রণে কাজ করছেন সেনা ও পুলিশ সদস্যরা। নড়াইলের পুলিশ সুপার আল মামুন শিকদার বিবিসি বাংলাকে জানিয়েছেন, সংঘর্ষ এড়াতে এলাকায় আইন-শৃঙ্খলা বাহিনী মোতায়েন রয়েছে। পুলিশ সুপার জানান, সোমবার ভোরে সেহরির পর খয়ের উদ্দিন গ্রুপ খলিলের বাড়িতে হামলা করলে ঘটনাস্থলেই তিনজন নিহত হন। নিহত ব্যক্তিরা হলেন- বড়কুলা গ্রামের খলিল শেখ (৬৫), তার ছেলে তাহাজ্জুদ শেখ (৪০), প্রতিবেশী ফেরদৌস শেখ (৩৩) ও একই গ্রামের ওসিকুর ফকির। এরপর হাসপাতালে নেওয়ার পর আরো দু-জন মারা যায়। পুলিশ সুপার বলছেন, ওই এলাকায় দুইপক্ষের মধ্যে আগে থেকেই বিরোধ ও বৈরী সম্পর্ক ছিল। খলিল গ্রুপ এবং খয়ের উদ্দিন গ্রুপ নামে পরিচিত দুইটি গ্রুপে কোনো রাজনৈতিক দ্বন্দ্ব নেই বলেও দাবি করেন পুলিশ সুপার। এ ঘটনার জেরে নতুন করে কোনো ধরনের সংঘর্ষ এড়াতে আইন-শৃঙ্খলা বাহিনী মোতায়েন করা হয়েছে। ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে হালিম ফকির নামে একজনকে আটক করা হয়েছে বলে জানান পুলিশ সুপার মোহাম্মদ আল মামুন শিকদার ।

(বিবিসি ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ এলিনা)

## ইবনে সিনায় 'শুধু পুরুষ ও মুসলিম কর্মী নিয়োগ' কেন বৈষম্যহীন ঘোষণা করা হবে না---হাইকোর্টের রুল

ইবনেসিনা ফার্মাসিউটিক্যালসে নির্বাহী বা জ্যেষ্ঠ নির্বাহী পদে শুধুমাত্র মুসলমান ও পুরুষদের আবেদন চেয়ে যে চাকরির বিজ্ঞপ্তি দেওয়া হয়েছিল, তাতে দেশে লিঙ্গ ও ধর্ম ব্যতিরেকে বৈষম্যহীন নিয়োগ নীতি কেন লঙ্ঘন হয়েছে বলে ঘোষণা করা হবে না, তা জানতে সরকারের প্রতি রুল জারি করেছেন হাইকোর্ট। সরকারি-বেসরকারি সব কর্মস্থলে বৈষম্যহীনভাবে চাকরির নীতিমালা তৈরি ও বাস্তবায়নের জন্য কেন আদেশ দেওয়া হবে না, তাও জানতে চাওয়া হয়েছে ওই রুলে। গত ২৬ জানুয়ারি একটি নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছিল ইবনেসিনা ফার্মাসিউটিক্যালস ইন্ডাস্ট্রি, যেখানে নির্বাহী ও জ্যেষ্ঠ নির্বাহী পদে শুধুমাত্র পুরুষ ও মুসলমান ব্যক্তিদের আবেদন করতে বলা হয়েছিল। সেই নিয়োগ বিজ্ঞপ্তি বৈষম্যমূলক দাবি করে রিট করেন আইনজীবী অনামিকা নাহরিন। রিটকারীর আইনজীবী কারিশমা জাহান এ তথ্য জানিয়েছেন। ওই রিটের শুনানি শেষে সোমবার এই কারণ দর্শানোর আদেশ দেন বিচারপতি আহমেদ সোহেল ও বিচারপতি ফাতেমা আনোয়ারের দ্বৈত বেঞ্চ। অন্তর্বর্তী আদেশ সরকারকে নির্দেশনা দেওয়া হয়েছে, (১) ওই নিয়োগ বিজ্ঞপ্তি তদন্ত করে বৈষম্যমূলক শর্তগুলো প্রত্যাহারের জন্য প্রয়োজনীয় প্রশাসনিক ও আইনি ব্যবস্থা নিতে, (২) সব

রকম বৈষম্যহীন নিয়োগের জন্য নীতিমালা তৈরি ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে এবং (৩) এই বিষয়ে কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে, তিনমাসের মধ্য আদালতে সেই বিষয়ে প্রতিবেদন জমা দিতে হবে।
(বিবিসি ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ এলিনা)

## এবার ঢাকা দক্ষিণ সিটি থেকে নির্বাচনের ঘোষণা দিলেন ইশরাক হোসেন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-৬ আসন থেকে সংসদ নির্বাচিত হওয়ার পর মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হয়েছেন ইশরাক হোসেন। কিন্তু সোমবার হঠাৎ তিনি ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন থেকে নির্বাচন করার ঘোষণা দিয়েছেন। বিকেলে নিজের ভেরিফায়েড ফেসবুক পোস্টে তিনি লিখেছেন, "ঢাকা দক্ষিণ থেকে সিটি নির্বাচন করব ইনশাল্লাহ।„ জাতীয় সংসদ নির্বাচনের পর গত কয়েকদিন ধরে সিটি করপোরেশনগুলোর নির্বাচনের আলোচনাও শোনা যাচ্ছে। এমন অবস্থার মধ্যেই সোমবার ঢাকা উত্তর-দক্ষিণসহ ছয়টি সিটিতে নতুন প্রশাসক নিয়োগ দিয়েছে সরকার। যাদের প্রশাসক হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে, তাদের সবাই বিএনপির রাজনীতির সাথে যুক্ত। যদিও এদিন সকালেই বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, প্রশাসক বসানো হলেও নির্ধারিত সময়ের মধ্যেই সিটি করপোরেশনের নির্বাচন অনুষ্ঠিত হবে। গত সপ্তাহে নির্বাচন কমিশনের পক্ষ থেকেও ঈদের পর সিটি নির্বাচন আয়োজনের ইঙ্গিতও দেওয়া হয়েছে। এমন অবস্থার মধ্যেই ইশরাক হোসেনের ফেসবুক পোস্ট নিয়ে আলোচনা হচ্ছে। এর আগে, ২০২০ সালে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র পদে নির্বাচন করেছিলেন ইশরাক হোসেন। তবে জিতেছিলেন আওয়ামী লীগের প্রার্থী শেখ ফজলে নূর তাপস। যদিও ওই নির্বাচনে নানা অনিয়মের প্রশ্ন উঠেছিল। নির্বাচনে পরাজয়ের পর ইশরাক হোসেন ফলাফল প্রত্যাখ্যান করেন এবং ভোটে অনিয়মের অভিযোগ তুলে আদালতে মামলাও করেছিলেন। ২০২৪ সালের আগস্টে শেখ হাসিনা সরকার পতনের পর সারা দেশের আওয়ামী লীগের নির্বাচিতরা পালিয়ে যান। মেয়র পদ শূন্য ঘোষণা করা হয়। পরে আদালতের রায়ে ইশরাক হোসেনকে মেয়র ঘোষণা করে গেজেটও প্রকাশ করে ইসি। কিন্তু আইনি জটিলতায় তার মেয়র পদে বসা নিয়ে অন্তর্বর্তীকালীন সরকারের সাথে টানাপড়েন তৈরি হয়। নগর ভবন ও প্রধান উপদেষ্টার বাসভবনের কাছে টানা অবরোধ কর্মসূচিও পালন করেন ইশরাক হোসেন ও বিএনপির নেতা-কর্মীরা। পরে অবশ্য আন্দোলন থেকে সরে আসে ইশরাক হোসেন ও বিএনপি নেতা-কর্মীরা।(বিবিসি ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ এলিনা)

## ঢাকা-১৩ আসনের নির্বাচনি অনিয়ম তদন্তে কমিশন গঠনের দাবি বাংলাদেশ খেলাফত মজলিশের

গত ১২ ফেব্রুয়ারির ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-১৩ আসনের ভোটের নানা অনিয়মের অভিযোগ তুলে ধরে ফলাফল বাতিল ও নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়েছে বাংলাদেশ খেলাফত মজলিশ। দুপুরে ঢাকার পল্টনে দলটির কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এই দাবি জানান দলটির মহাসচিব জালালুদ্দীন আহমদ। তিনি জানান, নির্বাচনের দিন বিভিন্ন কেন্দ্র থেকে খেলাফতের আমির মামুনুল হকের নির্বাচনি এজেন্টদের জোরপূর্বক বের করে দেওয়া হয়। পর্দানশীন ভোটার ও সাধারণ ভোটারদের ভোটকেন্দ্রে ভয়ভীতিও দেখানো হয়। অভিযোগ করা হয়, কেন্দ্র পরিদর্শনে গেলে মামুনুল হককে কেন্দ্রে অবরুদ্ধ করে রাখা হয়। সেনাবাহিনীর সহায়তায় কেন্দ্র ত্যাগে বাধ্য করা হয়। এছাড়াও, এই নির্বাচনে সারা দেশের বিভিন্ন আসনে অনিয়ম ও কারচুপির নানা অভিযোগ তুলে ধরা হয় সংবাদ সম্মেলনে। এ সময় দলের পক্ষ থেকে সুনির্দিষ্ট করে ছয় দফা দাবির কথা তুলে ধরা হয়। মি. আহমেদ অভিযোগ করেন, নির্বাচনের পর ঢাকা-১৩ আসনে খেলাফত মজলিশের নেতা-কর্মীদের ওপর হামলার ঘটনা ঘটেছে। ওই আসনের নির্বাচিত এমপি ও বর্তমান শিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ বাংলাদেশ খেলাফত মজলিশের নেতা-কর্মীদের বিরুদ্ধে প্রকাশ্যে মামলার হুমকি প্রদান করেছে। সারা দেশে দলের নেতা-কর্মীদের বিরুদ্ধে হামলা ও মামলার হুমকির অভিযোগ এনে তা বন্ধের আহ্বান জানান দলের নেতারা। দাবি না মানা হলে কঠোর কর্মসূচিরও হুঁশিয়ারি দিয়েছেন তিনি।(বিবিসি ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ এলিনা)

## হাইকোর্টের বিচারপতি মামনুন রহমান ও নাইমা হায়দারের পদত্যাগপত্র গ্রহণ করেছেন রাষ্ট্রপতি

বাংলাদেশের সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি মামনুন রহমান ও নাইমা হায়দারের পদত্যাগপত্র গ্রহণ করা হয়েছে। সোমবার আইন মন্ত্রণালয়ের আলাদা প্রজ্ঞাপনে এই তথ্য জানানো হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, তারা রাষ্ট্রপতির কাছে পদত্যাগপত্র জমা দিয়েছিলেন। এক বছর ধরে ছুটিতে থাকা বিচারপতি মামনুন রহমান ২ ফেব্রুয়ারি ব্যক্তিগত কারণ দেখিয়ে পদত্যাগপত্র জমা দিয়েছিলেন। অন্যদিকে ৯ ফেব্রুয়ারি বিচারপতি নাইমা হায়দার পদত্যাগপত্র জমা দেন। রাষ্ট্রপতি তাদের পদত্যাগপত্র গ্রহণ করেছেন বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ এলিনা)

## তিন সচিবকে জনপ্রশাসনে সংযুক্ত করেছে সরকার

তিনজন সচিবকে তাদের পদ থেকে সরিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করেছে সরকার। সোমবার জনপ্রশাসনের মন্ত্রণালয় তিনটি পৃথক প্রজ্ঞাপনের মাধ্যমে এটি জানানো হয়েছে। সচিবরা হলেন ধর্ম মন্ত্রণালয়ের সচিব মো. কামাল

উদ্দিন, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব মো. সাইফুল্লাহ পান্না এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব রেহানা পারভীন। প্রত্যাহারের পর তিন সচিবকেই জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করা হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ এলিনা)

## এবার বাংলা অ্যাকাডেমি সাহিত্য পুরস্কার পাচ্ছেন নয়জন

বাংলা সাহিত্যে কবিতা, কথাশিল্প, প্রবন্ধ, গবেষণা, শিশুসাহিত্য, অনুবাদ ও নাটকে গুরুত্বপূর্ণ অবদান রাখায় বাংলা অ্যাকাডেমি সাহিত্য পুরস্কার পাচ্ছেন নয়জন ব্যক্তিত্ব। আগামী ২৬ ফেব্রুয়ারি বাংলা অ্যাকাডেমি আয়োজিত একুশে বইমেলার উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী তারেক রহমান আনুষ্ঠানিকভাবে এই পুরস্কার প্রদান করবেন। বাংলা অ্যাকাডেমি সাহিত্য পুরস্কার-২০২৫ প্রাপ্তরা হলেন- কবিতায় মোহন রায়হান, কথা সাহিত্যে নাসিমা আনিস, প্রবন্ধ/গদ্যে সৈয়দ আজিজুল হক, শিশু সাহিত্যে হাসান হাফিজ, অনুবাদে আলী আহমদ, গবেষণায় মুস্তাফা মজিদ ও ইসরাইল খান, বিজ্ঞানে ফারসীম মান্নান মোহাম্মদী ও মুক্তিযুদ্ধে মঈদুল হাসান। বাংলা অ্যাকাডেমি সাহিত্য পুরস্কার ২০২৫-এর `প্রস্তাবক কমিটির, প্রস্তাবনার পরিপ্রেক্ষিতে এবং `বাংলা অ্যাকাডেমি সাহিত্য পুরস্কার কমিটির, সিদ্ধান্তক্রমে এ আয়োজন করা হয়। বাংলা অ্যাকাডেমি নির্বাহী পরিষদ `বাংলা অ্যাকাডেমি সাহিত্য পুরস্কার-২০২৫, অনুমোদন করেছে। (বিবিসি ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ এলিনা)

## নয়জন সচিবের চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল করেছে সরকার

সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তরের নয়জন সিনিয়র সচিব ও সচিব পদমর্যাদায় দায়িত্বপ্রাপ্তদের চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল করেছে সরকার। সোমবার জনপ্রশাসন মন্ত্রণালয়ের আলাদা আলাদা প্রজ্ঞাপনে এই নিয়োগ বাতিল করা হয়। যাদের চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল করা হয়েছে তারা হলেন- পরিকল্পনা কমিশনের সদস্য (সিনিয়র সচিব) এ এম আকমল হোসেন আজাদ, ভূমি আপিল বোর্ডের চেয়ারম্যান (সিনিয়র সচিব) মোহাম্মদ ইউসুফ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মমতাজ আহমেদ, তথ্য ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব শীষ হায়দার চৌধুরী, বিশ্বব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালক বেগম শরিফা খান, স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মো. সাইদুর রহমান, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন অ্যাকাডেমির মহাপরিচালক (সিনিয়র সচিব) সিদ্দিক জোবায়ের, পরিকল্পনা কমিশনের সদস্য (সিনিয়র সচিব) মো. মোখলেস-উর-রহমান ও পরিকল্পনা কমিশনের কাইয়ুম আরা বেগম। জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে বলা হয়েছে, সরকারের এই অফিস আদেশ শিগ্‌গিরই কার্যকর হবে। এর আগে, সন্ধ্যায় অন্য তিনজন সচিবকে তাদের পদ থেকে সরিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করেছে সরকার।(বিবিসি ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ রনি)

## বিদ্যুতে ৪৫ হাজার কোটি টাকা বকেয়া, দেউলিয়া পরিস্থিতি বলছেন নতুন মন্ত্রী

দেশি বিদেশি কোম্পানির কাছে বিপুল অঙ্কের দেনা নিয়ে যাত্রা শুরু করে বাংলাদেশের নতুন সরকার বিদ্যুৎ খাতে একটা বড়ো চ্যালেঞ্জের মুখোমুখি পড়তে যাচ্ছে। রমজানের পর পরই সেচ ও গ্রীষ্ম মৌসুমে চাহিদা অনুযায়ী নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিয়ে পরিকল্পনা থাকলেও, সমাধান করতে বেগ পেতে হবে বলেও আশঙ্কা করা হচ্ছে। এখনই বিদ্যুতের চাহিদা ১৩ হাজার মেগাওয়াটের কাছাকাছি। এ বছর বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা আঠারো হাজার মেগাওয়াট হতে পারে বলে ধারণা দিচ্ছে বিদ্যুৎ বিভাগ। সরকারের নবনিযুক্ত বিদ্যুৎ মন্ত্রী বলছেন, বিদ্যুৎ পরিস্থিতি সামাল দিতে গ্যাস, কয়লা ও তেলভিত্তিক বিদ্যুৎকেন্দ্র চালিয়ে চাহিদা পূরণ করতে হবে। বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ বিবিসি বাংলাকে বলেন, অর্থ সংস্থান করে পরিস্থিতি সামাল দিতে তার ভাষায় 'ডিজাস্টার ম্যানেজমেন্ট' করতে হবে। ”পরিকল্পনা আছে, তবে সবচেয়ে বড়ো সমস্যা হচ্ছে বিদ্যুতে টোটালি ফিনান্সিয়ালি ব্যাংকরাপ্ট করে দিয়েছে আর কী। অনেক বকেয়া, অনেক দেনা-পাওনা। জ্বালানি নাই, জ্বালানি ইমপোর্ট করতে হবে। মোট কথা হলো ভেরি কমপ্লিকেটেড। কাজ করে এগুলি সমাধান করতে হবে,„ বলছেন ইকবাল হাসান মাহমুদ। জ্বালানি বিশেষজ্ঞরা বলছেন, যে পরিস্থিতি, তাতে সংকট কাটাতে সরকারের সব দিক বিবেচনা করে সিদ্ধান্ত নিতে হবে। কারণ জ্বালানি আমদানি সরাসরি ডলারের মজুদে প্রভাব ফেলবে। জ্বালানি বিশেষজ্ঞ ড. ইজাজ হোসেন বিশ্লেষণ হলো- ”নরমালি আমরা যেটা দেখি, গরম যখন পড়বে, তখন দেখা যাবে যে, প্রচুর লোডশেডিং হবে।„ বাংলাদেশে জানুয়ারি ২০২৬ পর্যন্ত সরকারি বেসরকারি ১৩৬টি বিদ্যুৎকেন্দ্র এবং আমদানি সক্ষমতা মিলিয়ে মোট স্থাপিত উৎপাদন ক্ষমতা ২৮ হাজার ৯১৯ মেগাওয়াট। সারা দেশে বিদ্যুতের গ্রাহক রয়েছে ৪ কোটি ৯৪ লক্ষ। দেশে একদিনে সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদন হয়েছে ২৩ জুলাই ২০২৫ সালে ১৬ হাজার ৭৯৪ মেগাওয়াট।

### বিপুল পরিমাণ দেনা

বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের তথ্য অনুযায়ী, এ বছরের ফেব্রুয়ারি পর্যন্ত বিদ্যুৎ খাতে দেশি-বিদেশি কোম্পানির কাছে ৪৫ হাজার কোটি টাকা বকেয়া রয়েছে। এর মধ্যে তেলভিত্তিক বিদ্যুৎ উৎপাদনের সঙ্গে জড়িত বেসরকারি কোম্পানিগুলোর হিসেবে ১৪ হাজার কোটি টাকা বকেয়া পড়েছে তাদের। বেসরকারি কোম্পানিগুলো গত সাত-আট মাস ধরে বিদ্যুতের বিল পায়নি। এত বকেয়া কীভাবে জমলো, এ প্রশ্নে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান মো. রেজাউল করীম বিবিসি বাংলাকে বলেন, শুরুর পর থেকে ধারাবাহিকভাবে এটা বেড়েছে। ”এটা ফ্রম দ্যা বিগিনিং কিউমিলিটিভ হারে

হতে হতে এ অবস্থায় এসেছে। আমরা যেটা পাচ্ছি সরকারের থেকে সাবসিডি সেটা মাইনাস হচ্ছে, এভাবে হতে হতে এ পর্যায়ে আছে। এর মধ্যে আরো কিছু মাইনাস হবে আমরা সরকার থেকে আরো কিছু টাকা পাবো সাবসিডি।„ অন্তর্বর্তীকালীন সরকারের আমলে পিডিবির বকেয়া এক পর্যায়ে তিন মাসে নেমে এসেছিল। তবে ২০২৫ সালের জুলাই মাসের পর থেকে আর কোনো বিল পরিশোধ করেনি বলেও জানায় বেসরকারি উদ্যোক্তারা। তারা বলছেন, এ পরিস্থিতি নতুন সরকারকে বেকায়দায় ফেলতে পারে। অন্তর্বর্তী সরকার ইচ্ছাকৃত এমন পরিস্থিতি সৃষ্টি করেছে কিনা, সে সন্দেহের কথাও জানিয়েছে সংগঠনটি। তবে সাবেক উপদেষ্টা ফাওজুল কবির খান বলেছেন, টাকার বিষয়টি অর্থ মন্ত্রণালয়ের ছাড়ের উপর নির্ভর করে, এখানে ইচ্ছাকৃত বকেয়া রাখার কোনো ইস্যু নেই। সাবেক বিদ্যুৎ, জ্বালানি উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান বিবিসি বাংলাকে বলেন, সরকারের শেষ পর্যায়ে ২ হাজার কোটি টাকা ছাড় করার একটা ব্যবস্থা করা হয়েছিল। তিনি বলেন, "অর্থ পরিশোধ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আর্থিক সক্ষমতার উপর নির্ভর করে। রেভিনিউ সংকটের কারণেই তারা বিল পরিশোধ করতে পারেনি। কোনো ইনটেনশনাল কিছু নেই। এটা টাকার অ্যাভেইলেবিলিটির উপর নির্ভর করে। বিপিডিবি যখন টাকা পায়, তখন দেয়। ওদের সোর্স হচ্ছে, রেভিনিউ এবং অর্থবিভাগ থেকে ভর্তুকি।„

বাংলাদেশে তেলভিত্তিক বিদ্যুৎকেন্দ্র মোট উৎপাদন সক্ষমতার ২৩ শতাংশের মতো। এর মধ্যে ফার্নেস অয়েলে চালিত বিদ্যুৎকেন্দ্রের সক্ষমতা ৫৬৩৭ মেগাওয়াট বা ২০ শতাংশের মতো। এর মধ্যে বেসরকারি কোম্পানিগুলোর সক্ষমতাই প্রায় চার হাজার মেগাওয়াট। সরকার অতি সত্বর বকেয়া পরিশোধ শুরু না করলে, গরমে চাহিদামতো বিদ্যুৎ উৎপাদন করা কঠিন হবে বলে উল্লেখ করেছে বেসরকারি কোম্পানিগুলোর সংগঠন বিপপা। তেলভিত্তিক বিদ্যুৎ উৎপাদনের সঙ্গে জড়িত কোম্পানিগুলোর সংগঠন বলছে, বিলের বকেয়া কমিয়ে চার-পাঁচ মাসে না আনলে অনেক বিদ্যুৎকেন্দ্রের জন্য তেল আমদানি কঠিন হয়ে পড়বে। এসব কোম্পানি নিজেরাই অধিকাংশ তেল আমদানি করে। এলসি খোলার পর ৪০-৪৫ দিন লেগে যায় আমদানি করা তেল দেশে আসতে। তাই দ্রুত পদক্ষেপ না নিলে গরমে লোডশেডিং বাড়তে পারে বলেও আশঙ্কা জানিয়েছে বেসরকারি উৎপাদনকারীরা। বিপপার পক্ষ থেকে জানানো হয়েছে, এলসি খুলতে সমস্যার কারণে এরই মধ্যে তেলের নিট মজুত কমেছে। গত জানুয়ারিতে যে মজুত এক লক্ষ মেট্রিক টনের বেশি ছিল, ফেব্রুয়ারির মাঝামাঝি এসে নিট মজুত আশি হাজার টনে দাঁড়িয়েছে।

**বাংলাদেশে বিদ্যুতের মহাপরিকল্পনা, চ্যালেঞ্জ কোথায়?**

এদিকে, পিডিবি বেসরকারি তেলভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রগুলোকে সময়মতো বিদ্যুৎ দিতে না পারায় চুক্তি অনুযায়ী, এলডি বা লিকুইডিটি ড্যামেজ ধার্য করেছে। তবে এটি নিয়েও আপত্তি তুলেছে বেসরকারি উৎপাদনকারীরা। অমীমাংসিত এলডি ইস্যুর দিকে ইঙ্গিত করে পিডিবির চেয়ারম্যান বিবিসি বাংলাকে বলেন, "তাদের সঙ্গে আমাদের কিছু ইস্যু আছে, সেগুলি কী হয় দেখি তারপরে এটা ফাইনালি কমেন্ট করা যাবে।„

**জ্বালানি সংকট**

বিদ্যুৎ উৎপাদন সক্ষমতা থাকলেও প্রাথমিক জ্বালানির সংস্থান করে বিদ্যুৎ উৎপাদন নিশ্চিত করাটাই এখন সবচেয়ে বড়ো চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। বাংলাদেশে মোট সক্ষমতার ৮৮ শতাংশ বিদ্যুৎ উৎপাদনে জ্বালানি হিসেবে গ্যাস, কয়লা এবং তেলের ব্যবহার হয়। এই জ্বালানির বড়ো অংশই আমদানি করে চাহিদা মেটাতে হয়। দেশীয় গ্যাস উৎপাদন কমে যাওয়ায় এলএনজি আমদানি করে চাহিদা পূরণ করতে হয়। এছাড়া তেল ও কয়লা প্রায় পুরোটাই আমদানি করতে হয়। জ্বালানি বিশেষজ্ঞ ড. ইজাজ হোসেন বিবিসি বাংলাকে বলেন, "এখন থেকে এক মাস পরে মূল চ্যালেঞ্জ তৈরি হবে। আমরা যদি মনে করি, তেলভিত্তিক বিদ্যুৎকেন্দ্র ব্যবহার করবো, এলএনজি ইমপোর্ট করবো এবং কয়লা আমদানি করবো, কিন্তু প্রশ্ন হলো এটার জন্য যতটুকু খরচা হবে, যতটা ডলার লাগবে, সেটা কি দেওয়া হবে কিনা।„ বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদনে জীবাশ্ম জ্বালানির ব্যবহার বেশি। ইজাজ হোসেন বলেন, "আমাদের যা লাগবে সব ইমপোর্ট করবো, নাকি ডলার সেইভ করার চেষ্টা করবো এটা সরকারের সিদ্ধান্তের ব্যাপার। এখন সরকার কীভাবে খেলবে তার ওপর নির্ভর করবে।„ "আমি একটা হিসেব করেছি ১৩ থেকে ১৫ বিলিয়ন ডলার লাগে যদি আমরা সব এনার্জি আমদানি করি। আমাদের তো আরো বেশি লাগবে। ক্যাপাসিটি পেমেন্টসহ সব মিলিয়ে বিদ্যুৎ জ্বালানি খাতে ২৫ বিলিয়ন ডলারের মতো লাগে। কিন্তু আমাদের এত টাকা নাই,„ তিনি বলছিলেন। মি. হোসেন বলছেন, অর্থ সংস্থানের জন্য বিদেশি দাতা সহায়তাও লাগবে, আবার সরাসরি বিনিয়োগেরও প্রয়োজন হবে।

**সমাধান কীভাবে**

জ্বালানি বিশেষজ্ঞ ড. ইজাজ হোসেন বলেন, তাদের হিসেবে বিদ্যুতের ভর্তুকি প্রায় চার বিলিয়ন ডলারের সমপরিমাণ। তিনি বলেন, "আমরা হিসেব করে দেখেছি যে, গত বছরে কয়লার যে পাওয়ার প্ল্যান্টগুলো বাৎসরিক ৫৫% লোড ফ্যাক্টরে চলেছে কিন্তু এগুলো চলা উচিত ৮৫ শতাংশ হারে। তার মানে আরো এতখানি বেশি বিদ্যুৎ আমরা উৎপাদন করতে পারতাম কয়লা দিয়ে। বাট কয়লা ইমপোর্ট করতে হবে। এই চ্যালেঞ্জগুলা হচ্ছে প্রধান।„ ইজাজ হোসেন মনে করেন, তেলভিত্তিক কেন্দ্রগুলোর উৎপাদনের ব্যাপারে ভর্তুকির নির্দিষ্ট পরিমাণ নির্ধারণ করে দিতে পারে অর্থ মন্ত্রণালয়।

"আমি মনে করি, এটার ব্যাপারেও একটা রেস্ট্রিকশন দেবে ফাইন্যান্স মিনিস্টার। এই রেস্ট্রিকশন কিন্তু আওয়ামী লীগ আমল থেকে আরম্ভ হয়েছে। তখন তেলভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রগুলো চালাতো আবার ফাইন্যান্স মিনিস্ট্রি পিডিবিকে বলে দিত, তোমরা এত বেশি তেলে খরচ করতে পারবে না। আমার ধারণা, এটা এবারও আসবে। তা না হলে তো ভর্তুকি সাংঘাতিক হয়ে যাবে। অলরেডি আমাদের প্রতি কিলোওয়াট আওয়ারে সাড়ে চার টাকা করে আমরা সাবসিডি পাচ্ছি,„ বলছিলেন মি. হোসেন। ইজাজ হোসেন বলছেন, নতুন সরকারকে বুঝে শুনে পরিস্থিতি অনুযায়ী সিদ্ধান্ত নিতে হবে। "গত বছরও আমরা দেখেছি যে, প্রায় ৪৫ হাজার কোটি টাকা ভর্তুকি ছিল। এখানেই সবচেয়ে বড়ো চ্যালেঞ্জ। অন্তর্বর্তী সরকার যেটা করেছে যে, তারা ফুল ইমপোর্ট করেনি। তারা ইন্ডাস্ট্রির এনার্জি ডিমান্ডের কোনো তোয়াক্কাই করে নাই।„ বিশ্লেষকরা বলছেন, এই ভর্তুকির চক্র থেকে বেরিয়ে আসতে হলে বহুমাত্রিক কৌশল নিতে হবে। যার মধ্যে বিদ্যুতের দাম সমন্বয়, তেলভিত্তিক কেন্দ্র কমিয়ে আনা, লোডশেডিং সমন্বয় করার মতো পদক্ষেপ থাকতে পারে। বিদ্যুৎ খাতে দায় দেনা পরিশোধ এবং জ্বালানি সংকট নিয়ে বিদ্যুৎ জ্বালানি মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ বলছেন, আপাতত পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করবে সরকার। মি. মাহমুদ বলছেন, "এখন প্রায়োরিটি রোজার মধ্যে বিদ্যুৎ চালানো, সেচের সময় বিদ্যুৎ চালানো, মানুষের কষ্ট যাতে কম হয়, সেটার জন্য চেষ্টা করবো আর কী। কয়লা আনতে হবে। এলপিজি, এলএনজি আনতে হবে। এদিকে পাহাড় পরিমাণে বাকি করে গেছে, বকেয়া করে গেছে, এই সব মিলিয়ে ফিন্যান্সিয়াল একটা চ্যালেঞ্জ আছে বড়ো।„

গরমে চাহিদা পূরণ ও তেলভিত্তিক বিদ্যুৎকেন্দ্রের বকেয়া পরিশোধ নিয়ে জ্বালানি মন্ত্রী বিবিসি বাংলাকে বলেন, তিনি অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে বিষয়টি নিয়ে কথা বলবেন। "তেলভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রগুলো স্ট্যান্ডবাই থাকবে। ইমার্জেন্সি হলে চালাবো। যেগুলো বকেয়া আছে, তাদেরকে কিছুটা দিয়ে পাওয়ার প্ল্যান্টগুলো চালু রাখা, তারপরে বসে লংটার্ম চিন্তা ভাবনা করা। সর্বোচ্চ চাহিদা ১৮ হাজার মেগাওয়াটের মতো হতে পারে। এটার ব্যবস্থা আছে, গ্যাসের শর্ট আছে ওইটা পূরণ করার ব্যবস্থা করতেছি।„ ক্যাবের জ্বালানি উপদেষ্টা ড. এম শামসুল আলম পুরো পরিস্থিতির জন্য বিদ্যুৎ খাতে অনিয়ম ও দুর্নীতিকে দায়ী করেন। "দুর্নীতি উচ্ছেদ করেন ভালোভাবে চলবে। সৎভাবে যে সমস্ত আইপিপি তৈরি হয়েছে এবং যারা বিদ্যুৎ দিচ্ছে, তারা যথাসময়ে যথাযথভাবে বিল পাবে। যারা অসৎভাবে তৈরি করেছে, তারাই সংকট তৈরি করেছে, তাদের কারণেই এই বকেয়া তাদেরকেই খেসারত দিতে বাধ্য করতে হবে।„ মি. আলম মনে করেন, এই তেলভিত্তিক বিদ্যুৎকেন্দ্র নিয়েই সমস্যা। "প্রথমত হচ্ছে, তেলভিত্তিক বিদ্যুৎকেন্দ্র চালানোর দরকার নেই। কয়লার ক্যাপাসিটি আছে সাত হাজার মেগাওয়াটের বেশি। সেটার প্ল্যান্ট ইউজ ফ্যাক্টর হচ্ছে মাত্র ৪৫%। কয়দিন আগে সেমিনারে উঠে এসেছে যে, তরল জ্বালানিভিত্তিক বিদ্যুৎকেন্দ্র বন্ধ করে দিলে আমাদের সাশ্রয় হয় ২৮-৩০ হাজার কোটি টাকা। আমরা তা দিয়ে কয়লা আনলে অনায়াসে আমাদের চাহিদামাফিক বিদ্যুৎ উৎপাদন করতে পারি।„

শামসুল আলম মন করেন, ফসিল ফুয়েলভিত্তিক বিদ্যুৎকেন্দ্রের জন্য এই বকেয়া ক্রাইসিস, আজকে এই মূল্যবৃদ্ধি, লুণ্ঠণমূলক্য ব্যয়বৃদ্ধি মাথাচাড়া দিয়ে উঠেছে। তবে তেলভিত্তিক বিদ্যুৎকেন্দ্র পুরো বন্ধ করে চাহিদা পূরণ সম্ভব হবে কিনা, এ প্রশ্নে ড. ইজাজ হোসেন বলেন, আপাতত এটা সম্ভব নয়। তিনি বলেন, "নো, ইটস অ্যাবসুলুটলি ইমপসিবল। কয়লা সম্পূর্ণ আমদানি করলেও, তেল কিছুটা লাগবে। কারণ ডিমান্ড যখন বেড়ে যায়, পিক টাইমে তখন তেলভিত্তিক বিদ্যুৎ লাগবে। আমাদের লোডশেডিংয়ের ব্যাপার শুধু না। আমাদের তো ইন্ডাস্ট্রিতেও গ্যাস দিতে হবে। সেটা যদি করতে হয়, তাহলে তো পাওয়ারে গ্যাস কম দিতে হবে। তাহলে সেটা ম্যানেজ করতে হলে কয়লা লাগবে। তেল লাগবে।„ এ ব্যাপারে নতুন সরকারের বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ জানিয়েছেন, অতীতের নানা অনিয়ম সামলে কীভাবে বিদ্যুৎ পরিস্থিতি সামাল দেওয়া যেতে পারে, সেজন্য সরকার তার ভাষায় 'ডিজাস্টার ম্যানেজমেন্ট' অর্থাৎ সংকট সামলানোর পথ খুঁজে দেখছে। (বিবিসি ওয়েব পেজ : ২৩.০২.২০২৬ আলী আহমেদ)

## আমির হামজার বিরুদ্ধে মরাল পুলিশিংয়ের অভিযোগ, কী বলছেন কুষ্টিয়ার এই সংসদ সদস্য?

কুষ্টিয়ার জামায়াত নেতা ও নবনির্বাচিত সংসদ সদস্য আমির হামজার বিরুদ্ধে 'রমজানের পবিত্রতা রক্ষার' নামে মরাল পুলিশিং করার অভিযোগ উঠেছে। সম্প্রতি ফেসবুকসহ সামাজিক মাধ্যমে একটি ভিডিও ব্যাপকভাবে ছড়িয়ে পড়েছে, যেখানে মি. হামজা ও তার সঙ্গের এক পুলিশ কর্মকর্তাকে দোকানিদের বিরুদ্ধে রমজানে নামাজের সময় টিভি চালানো ও ক্যারম খেলার বিষয়ে হুঁশিয়ার উচ্চারণ করতে দেখা যাচ্ছে। "কোনো ক্যারম, কোনো টিভি চলবে না। এক কথায় শেষ, রমজান মাস,„ ধমকের সুরে দোকানিদের উদ্দেশ্যে বলেন, কুষ্টিয়ার পাটিকাবাড়ি পুলিশ ফাঁড়ির ইনচার্জ মসিউল আজম। এ ঘটনার পর ব্যাপক সমালোচনার মুখে পুলিশ ফাঁড়ি থেকে প্রত্যাহার করে পুলিশ লাইন্সে সংযুক্ত করা হয়েছে মি. আজমকে। তিনি দাবি করেছেন যে, 'ওপরের নির্দেশেই' তিনি দোকানিদেরকে কড়া ভাষায় হুঁশিয়ার করেছেন। যদিও ওই ধরনের কোনো নির্দেশনা দেওয়া হয়নি বলে জানিয়েছেন কুষ্টিয়ার পুলিশ সুপার। "পুলিশের পক্ষ থেকে আমরা এ ধরনের কোনো নির্দেশনা দেইনি। ওখানে এমপি (সংসদ সদস্য) সাহেবের উপস্থিতিতে এমপি সাহেবের কথাটাই তিনি বলেছেন,„ বিবিসি বাংলাকে বলেন এসপি জসীম উদ্দিন। আমির হামজা নিজেও বিষয়টি স্বীকার করেছেন। তবে তার দাবি, মরাল পুলিশিং নয়, বরং `দ্বিনের প্রতি দায়' থেকে তিনি নামাজের সময় দোকানে টিভি ও

ক্যারম খেলা বন্ধ রাখার আহ্বান জানিয়েছেন। ”আমার কথাগুলোই পুলিশের অফিসার বলে দিয়েছে, একটু উঁচু গলায়,„ বিবিসি বাংলাকে বলেন মি. হামজা। পুলিশ ও জনপ্রতিনিধির এমন কর্মকাণ্ডে জনমনে এক ধরনের আতঙ্ক তৈরি হয়েছে বলে জানিয়েছেন স্থানীয় ব্যবসায়ীরা। এদিকে, মরাল পুলিশিংয়ের ঘটনার নিন্দা জানিয়েছেন মানবাধিকার কর্মীরা। ”একজন নির্বাচিত সংসদ সদস্যের এ ধরনের কর্মকাণ্ডে জড়িত হওয়ার ঘটনাটা দুঃখজনক। দেশের সংবিধান ও আইন সম্পর্কে পরিষ্কার ধারণা থাকলে তিনি এমন কাজ করতে পারতেন না,„ বিবিসি বাংলাকে বলেন মানবাধিকারকর্মী নূর খান লিটন।

**ঘটনা সম্পর্কে যা জানা যাচ্ছে**

ঘটনাটি ঘটেছে গত শনিবার কুষ্টিয়া সদরের পাটিকাবাড়ি বাজারে। সেটার একটি ভিডিও পরবর্তীতে ফেসবুকসহ সামাজিক মাধ্যমে ব্যাপকভাবে ছড়িয়ে পড়ে। ওই ভিডিওতে দেখা যায়, সেদিন সন্ধ্যায় নেতা-কর্মীদের সঙ্গে নিয়ে পাটিকাবাড়ি বাজারে হাজির হন জামায়াতে ইসলামীর নবনির্বাচিত সংসদ সদস্য আমির হামজা। তার সঙ্গে সেসময় ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) থানার আওতাধীন পাটিকাবাড়ি পুলিশ ফাঁড়ির ভারপ্রাপ্ত কর্মকর্তা মসিউল আজমও ছিলেন। তবে তার গায়ে পুলিশের পোশাক ছিল না। তিনি ছিলেন সাদা রঙের টুপি-পাঞ্জাবি পরা, হাতে পুলিশের ওয়্যারলেস ফোন, যা ওয়াকি-টকি নামে বেশি পরিচিত। বাজারের একটি চায়ের দোকানে ঢুকে উপস্থিত সবার সঙ্গে কুশল বিনিময় করছিলেন মি. হামজা। এর মধ্যে হঠাৎ করে চা দোকানির দিকে আঙুল তুলে পুলিশ কর্মকর্তা মি. আজমকে ধমকের সুরে বলতে শোনা যায় ”এই, ওই যে ক্যারম খেলতেছে, আমি বন্ধ করে দিছি কি-না? কেন চললো? দেব বসান?„ ”কেন চললো? কেন ক্যারম চললো? আমি এই তারাবিহ'র একমাস চলবে না ক্যারম আমি বলে দিছি না? সেদিন ডাইকে বাজার কমিটিরে বলে দিছি কি-না? ”এ কথা বলে ক্যারম খেলা যেদিকে চলছিল, সেদিকে এগিয়ে যান মি. আজম।

দোকানের সামনে দাঁড়িয়ে এতক্ষণ ঘটনাটি দেখছিলেন সংসদ সদস্য মি. হামজা। দোকানির দিকে তাকিয়ে তাকে বলতে শোনা যায়, ”যা-ই করবেন, নামাজের সময়টায় যেন এসব না করেন...রমজান মাস এমনিই এবাদতের মাস না? সারা বছর করেন...„ আমির হামজার এই বক্তব্য শেষ না হতেই পাশ থেকে পুলিশ কর্মকর্তা মসিউল আজম হুঁশিয়ার করে দেন, ”কোনো ক্যারম, কোনো টিভি চলবে না। এক কথায় শেষ, রমজান মাস।„ এরপর মি. হামজা বলেন, ”রমজান মাসটা একটু মেনেচুনে চলা লাগবে। ঠিক আছে।„ কথা শেষ করে নেতা-কর্মীদের নিয়ে অন্যদিকে চলে যান তিনি। নতুন সংসদ সদস্য ও পুলিশ কর্মকর্তার এমন হুঁশিয়ারির পর দোকানে খেলা ও টিভি বন্ধ রেখেছেন বাজারটির দোকানিরা। ”এমপি সাহেব বলে যাওয়ায় প্রায় সব দোকানে টিভি ও ক্যারম খেলা বন্ধ হয়ে গেছে। ফলে বেচা- বিক্রিও কমে গেছে,„ বিবিসি বাংলাকে বলছিলেন বাজারটির একজন দোকানি। নাম প্রকাশে অনিচ্ছুক ওই দোকানি দাবি করেন, টিভি চালানো বা খেলাধুলার মাধ্যমে তারা মুসল্লিদের কারো নামাজে ব্যাঘাত ঘটান না। ”রোজা-রমজানের কথা মাথায় রেখে আমরা সেভাবে চালাই। ডিস্টার্ব হলে তো মুসল্লিদের কেউ না কেউ অভিযোগ করতো। তা তো করে নাই,„ বলেন ওই দোকানি।

**আইন কী বলে?**

রোজায় দিনের বেলায় খাবারের দোকান খোলা রাখার ব্যাপারে সরকারি কোনো নিষেধাজ্ঞা নেই। বাংলাদেশের প্রচলিত আইনেও কোনো ব্যক্তিকে মরাল পুলিশিং করার অধিকার দেওয়া হয়নি বলে জানাচ্ছেন আইনজীবীরা। ”আমাদের সংবিধানে কোনো নাগরিককে মরাল পুলিশিংয়ের অধিকার দেওয়া হয়নি, বরং ধর্মীয় ও ব্যক্তি স্বাধীনতার অধিকারের স্বীকৃতি দেওয়া হয়েছে,„ বিবিসি বাংলাকে বলছিলেন সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী মনজিল মোরসেদ। মূলত দেশটির সংবিধানের তৃতীয় ভাগে মৌলিক অধিকার হিসেবে ধর্মীয় স্বাধীনতার পাশাপাশি, ব্যক্তি স্বাধীনতার স্বীকৃতি দেওয়া হয়েছে। এর মধ্যে ৩২ নম্বর অনুচ্ছেদে বলা হয়েছে, আইন অমান্য না হওয়া পর্যন্ত দেশের কোনো নাগরিককে তার জীবন ও ব্যক্তিস্বাধীনতা থেকে বঞ্চিত করা যাবে না। আর ৪১ নম্বর অনুচ্ছেদে বলা হয়েছে, আইন, জনশৃঙ্খলা ও নৈতিকতা-সাপেক্ষে দেশের প্রত্যেক নাগরিকের যে-কোনো ধর্ম অবলম্বন, পালন বা প্রচারের অধিকার রয়েছে। সেখানে আরও উল্লেখ করা হয়েছে, কোনো শিক্ষা প্রতিষ্ঠানে যোগদানকারী কোনো ব্যক্তির নিজস্ব ধর্ম সংক্রান্ত না হলে তাকে কোনো ধর্মীয় শিক্ষাগ্রহণ কিংবা কোনো ধর্মীয় অনুষ্ঠান বা উপাসনায় অংশগ্রহণ বা যোগদান করতে হবে না। আইনে ব্যক্তি ও ধর্মীয় স্বাধীনতার অধিকার দেওয়া হলেও, সেগুলো পালনের নামে যদি কেউ বিশৃঙ্খলা সৃষ্টি করেন বা অন্যের অধিকার হরণ করেন, তাহলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার সুযোগ রয়েছে বলে জানান আইনজীবীরা। ”কিন্তু কুষ্টিয়ার ঘটনায় সে ধরনের কিছু ঘটেছে বলে শোনা যায়নি। ক্যারম খেলা বা টিভিতে গান-বাজনা চালানোর কারণে যদি কারো ধর্মকর্মে ব্যাঘাত ঘটেও, সেক্ষেত্রে অভিযোগের প্রেক্ষিতে পুলিশ ব্যবস্থা নিতে পারে। কিন্তু যেভাবে দোকানিদের ধমকানো হয়েছে, সেটি তারা করতে পারেন না,„ বলেন আইনজীবী মি. মোরসেদ। ”তাছাড়া রমজানে যারা দোকানে বসছেন বা খাচ্ছেন, তারা সবাই যে ইসলাম ধর্মের অনুসারী, তা নয়। অন্য ধর্মের মানুষের কথাও মাথায় রাখা উচিত,„ যোগ করেন সুপ্রিম কোর্টের এই জ্যেষ্ঠ আইনজীবী।

**কী বলছেন আমির হামজা?**

ঘটনার দিন পাশেই একটি ইফতারের দাওয়াতে গিয়েছিলেন বলে জানান কুষ্টিয়া সদর আসনের সংসদ সদস্য আমির হামজা। "ওইডা আমার নিজের এলাকা। পাটিকাবাড়ি ইউনিয়নে আমার একটা ইফতারি অনুষ্ঠান ছিল, সেটা শেষ করে নামাজের আগ দিয়ে বাজারে ঢুকে দেখি ক্যারম বোর্ড খেলছে ছেলেরা, আর ওই যে টিভি চলছে নাচ-মাচ এগুলো,„ বিবিসি বাংলাকে বলছিলেন মি. হামজা। রমজান মাসের 'পবিত্রতা রক্ষার্থে' সেগুলো বন্ধ রাখার জন্য দোকানিদের প্রতি আহ্বান জানান তিনি। "আমরা বলেছি, রমজান মাসের পবিত্রতা রক্ষার্থে অন্তত এই একমাস এগুলো বন্ধ রাখবা। এর বাইরে, টিভি বন্ধ, গান-বাজনা হবে না, ক্যারম খেলা বন্ধ- এগুলো বলতে চাইনি এবং বলিওনি,„ বলেন মি. হামজা। একজন নির্বাচিত জনপ্রতিনিধি হয়েও প্রচলিত আইনের বাইরে গিয়ে তিনি এমন আচরণ করতে পারেন কি-না, সেটি নিয়ে প্রশ্ন তুলছে দেখা যাচ্ছে। "আমি তো কেবল সংসদ সদস্য নয়, আমি একজন আলেমও। ফলে দ্বিনের দায় থেকে বাজারের সবাইরে এটা বলেছিলাম। আর আমার কথাগুলোই পুলিশের অফিসার বলে দিয়েছে, একটু উঁচু গলায়। আমরা কোনো মরাল পুলিশিং করতে যাইনি,„ বলছিলেন আমির হামজা।

**পুলিশ কর্মকর্তা যা বলছেন**

কুষ্টিয়ার পাটিকাবাড়ি বাজারের ঘটনার ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ার পর, সেটি ঘিরে নানান আলোচনা-সমালোচনা হতে দেখা যায়। সুনির্দিষ্ট কোনো অভিযোগ না থাকার পরও পুলিশের একজন কর্মকর্তা বাজারে গিয়ে নামাজের সময় ক্যারম খেলা ও টিভি দেখা বন্ধ রাখতে বলতে পারেন কি-না, সেই প্রশ্নও উঠতে দেখা যাচ্ছে। বিষয়টি নিয়ে কথা বলার জন্য যোগাযোগের চেষ্টা করেও অভিযুক্ত পুলিশ কর্মকর্তা মসিউল আজমকে পাওয়া যায়নি। তবে মি. আজম রোববার স্থানীয় সাংবাদিকদের কাছে দাবি করেন, 'ইসলামের প্রতি সম্মান প্রদর্শনের' জায়গা থেকেই তিনি রোজার মাসে নামাজের সময় ক্যারম খেলা ও টিভি দেখা বন্ধ রাখার নির্দেশনা জানিয়েছেন। এ বিষয়ে 'ওপর মহল' থেকে তাকে নির্দেশনা দেওয়া হয়েছে বলেও দাবি করে মি. আজম। যদিও অধস্তন কর্মকর্তাদের প্রতি এ ধরনের কোনো নির্দেশনা দেওয়া হয়নি বলে জানিয়েছেন কুষ্টিয়ার পুলিশ সুপার (এসপি) জসীম উদ্দিন। "পুলিশের পক্ষ থেকে আমরা এ ধরনের কোনো নির্দেশনা দেয়নি। ওখানে এমপি (সংসদ সদস্য) সাহেব উপস্থিতিতে এমপি সাহেবের কথাটাই তিনি বলেছেন,„ বিবিসি বাংলাকে বলেন মি. উদ্দিন। পুলিশ সুপার আরও বলেন, "রমজানে কখন চায়ের দোকান খোলা থাকবে, কী থাকবে না বা সেখানে টিভি চলবে কি-না, সেটা আইনানুগ বিষয় না। পাশেই নামাজ হচ্ছিল। এটা ধর্মীয় অনুভূতির বিষয়। এমপি সাহেবের কথাটা উনি বলেছেন, পুলিশ কর্মকর্তা হিসেবে সেটা করা তার উচিত হয় নাই।„ ঘটনার পর সমালোচনার মুখে রোববার পুলিশ কর্মকর্তা মসিউল আজমকে পাটিকাবাড়ি ক্যাম্প থেকে প্রত্যাহার করে পুলিশ লাইন্সে সংযুক্ত করা হয়েছে। "আমরা ঘটনাটা নিয়ে আরও খোঁজ-খবর নিচ্ছি। তদন্ত শেষে যদি মনে হয় যে, তার বিরুদ্ধে বিভাগীয় অন্য কোনো ব্যবস্থা নেওয়ার প্রয়োজন রয়েছে, তাহলে বিধি অনুযায়ী সে ধরনের পদক্ষেপ নেওয়া হবে,„ বিবিসি বাংলাকে বলেন কুষ্টিয়ার এসপি জসীম উদ্দিন।

(বিবিসি ওয়েব পেজ : ২৩.০২.২০২৬ আলী আহমেদ)

## অন্তর্বর্তী আমলে বিএনপি কেন রাষ্ট্রপতিকে রক্ষায় অনড় ছিল

বাংলাদেশে ২০২৪ সালের আগস্টে শেখ হাসিনা সরকারের পতনের পর যখন প্রশাসন থেকে শুরু করে সুপ্রিম কোর্টে পর্যন্ত পরিবর্তন হয়েছে, তখন আওয়ামী লীগ সরকারের সময়ে নির্বাচিত প্রেসিডেন্ট মো. সাহাবুদ্দিন কীভাবে তার পদে টিকে থাকলেন, সেটি অনেকের কাছেই কৌতূহলের বিষয়। ওই সময় দেশের তখনকার প্রধান বিচারপতিকে পদত্যাগ করতে হয়েছিল এবং সংসদের স্পিকার শিরীন শারমিন চৌধুরী অজ্ঞাত অবস্থানে থেকেই পরে পদত্যাগ করেছিলেন বলে সংবাদ মাধ্যমে খবর এসেছিল। অন্তর্বর্তী সরকারের আমলে কমপক্ষে দুই দফায় রাষ্ট্রপতির অপসারণ কিংবা পদত্যাগের দাবিতে বঙ্গভবন ঘেরাও কিংবা বড়ো ধরনের চাপ তৈরি করা হলেও, মো. সাহাবুদ্দিন থেকে গেছেন বঙ্গভবনেই। তিনিই গত ১২ ফেব্রুয়ারি সংসদ নির্বাচনের পর ১৭ ফেব্রুয়ারি নতুন নির্বাচিত সরকারের প্রধানমন্ত্রীকে শপথ পড়িয়েছেন। মো. সাহাবুদ্দিন নিজেই তার টিকে যাওয়ার রহস্য উন্মোচন করেছেন ঢাকার দৈনিক কালের কণ্ঠকে দেওয়া এক সাক্ষাৎকারে। তিনি সেখানে বলেছেন, "আমার দুঃসময়ে বিএনপির সহযোগিতা শতভাগ ছিল।„ পাশাপাশি, অন্তর্বর্তী সরকারের ভেতর থেকেও তাকে অপসারণের চেষ্টার অভিযোগ করে তিনি বলেছেন, বিএনপি জোট ও সশস্ত্র বাহিনী তখন তাকে আশ্বস্ত করেছে ও সমর্থন জুগিয়েছে। রাষ্ট্রপতি ওই সাক্ষাৎকারে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার প্রেস উইংয়ের বিরুদ্ধে রাষ্ট্রপতির প্রেস উইং বন্ধ করে দেওয়ার অভিযোগ এনেছেন। একইসঙ্গে বিদেশ সফরের পর নিয়মানুযায়ী রাষ্ট্রপতিকে সফর বা চুক্তির বিষয়ে অবহিত না করার অভিযোগ করেছেন বিদায়ি প্রধান উপদেষ্টার বিরুদ্ধে। তিনি ক্ষোভ প্রকাশ করেছেন, বিদেশে বাংলাদেশের মিশনগুলো থেকে তাকে অবহিত না করেই রাষ্ট্রপতির ছবি নামানো নিয়েও। রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের এসব বক্তব্যের বিষয়ে সাবেক প্রধান উপদেষ্টার তৎকালীন প্রেস উইংয়ের সদস্যদের সাথে যোগাযোগ করা হলে, নাম প্রকাশে অনিচ্ছুক একজন সাবেক সদস্য বলেছেন যে, এই বিষয়ে তারা কোনো মন্তব্য করতে চান না।

বাংলাদেশের ২২তম রাষ্ট্রপতি হিসেবে ২০২৩ সালের ২৪ এপ্রিল শপথ নিয়েছিলেন মো. সাহাবুদ্দিন। এর আগে, তখনকার ক্ষমতাসীন দল আওয়ামী লীগের প্রার্থী হিসেবে ওই বছরের ১৩ ফেব্রুয়ারি রাষ্ট্রপতি পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছিলেন তিনি। রাষ্ট্রপতি হওয়ার আগে তিনি আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য ছিলেন। এখন প্রশ্ন হলো, বিএনপি কেন অন্তর্বর্তী সরকারের ওই সময়কালে রাষ্ট্রপতি পদে মো. সাহাবুদ্দিনের জন্য ঢাল হয়ে দাঁড়িয়েছিল কিংবা কেন রাষ্ট্রপতি পদে তাকে বহাল রাখতে অনড় ছিল?

**কেন অনড় ছিল বিএনপি**

রাষ্ট্রপতি পদ থেকে মো. সাহাবুদ্দিনের অপসারণের দাবি যখন উঠছিল, তখন বিএনপির সিনিয়র নেতারা রাষ্ট্রপতির অপসারণের বিরোধিতার কথা বলেছিলেন প্রকাশ্যেই। তখন তারা এর পক্ষে 'রাজনৈতিক স্থিতিশীলতা নষ্ট হতে পারে', 'সাংবিধানিক সংকট হতে পারে' কিংবা 'নির্বাচন বাধাগ্রস্ত হতে পারে'- এমন কিছু যেন না হয়, সেই যুক্তি তুলে ধরেছিলেন। কিন্তু এখন আর বিষয়টি নিয়ে প্রকাশ্যে মন্তব্য করতে রাজি নন দলটি সিনিয়র নেতারা। দলটির স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, এ নিয়ে কী আলোচনা হয়েছে, সেটি তার জানা নেই। অন্তর্বর্তী সরকারের সময়ে দলের হয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা স্থায়ী কমিটির আরেকজন সদস্য নাম প্রকাশ না করার অনুরোধ করে বলেছেন, রাষ্ট্রপতি ইস্যুতে তাদের অবস্থান ছিল এমন যে, যাতে করে এটিকে কেন্দ্র করে দেশের স্থিতিশীলতায় কোনো সংকট না হয়, যা সার্বিক রাজনৈতিক পরিস্থিতিকে আরও বিপন্ন করে তুলতে পারতো। তার মতে, বিএনপি তখন সাংবিধানিক ধারাবাহিকতা অক্ষুণ্ণ রাখা ও দ্রুত নির্বাচন আদায়ের নীতি নিয়েছিল। তারা মনে করেছেন, শেখ হাসিনার পতনের পর যখন সব সংবিধান অনুসরণ করেই হচ্ছিল, তখন অসাংবিধানিক পন্থায় রাষ্ট্রপতিকে সরানো হলে, সেটি পরিস্থিতির আরও অবনতি ঘটাতো। রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদ বলছেন, শেখ হাসিনার পতনের পর শুরু থেকেই বিএনপি নির্বাচন চেয়ে আসছিল এবং নির্বাচন ঝুঁকিতে পড়বে এমন কিছুতেই দলটি সায় দিতে রাজি ছিল না। "রাষ্ট্রপতিকে কেন্দ্র করে নির্বাচন অনিশ্চিত হোক, সেটি তারা চায়নি। কারণ তারা জানতো যে, যত দ্রুত নির্বাচন হবে, তত তারা ভালো করবে। এজন্যই রাষ্ট্রপতিকে অপসারণের বিপক্ষে তারা অবস্থান নিয়েছিল বলে আমার মনে হয়,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

**বিএনপি নেতারা তখন যা বলেছিলেন**

ঢাকায় ২২ অক্টোবর রাষ্ট্রপতির পদত্যাগের দাবিতে বঙ্গভবন ঘেরাওয়ের পর দিন ২৩ অক্টোবর প্রধান উপদেষ্টার সাথে সাক্ষাৎ করে রাষ্ট্রপতি বিষয়ে আলোচনা করেন বিএনপির তিনজন সিনিয়র নেতা। সেখান থেকে বেরিয়ে বিএনপির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান সাংবাদিকদের বলেছিলেন, দেশে যাতে নতুন করে সাংবিধানিক সংকট সৃষ্টি না হয়, সে জন্য তারা অন্তর্বর্তী সরকারকে খেয়াল রাখতে বলেছেন। ওইদিনই বিএনপি চেয়ারপার্সনের রাজনৈতিক কার্যালয়ে দলটির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছিলেন, রাষ্ট্রপতির পদ শূন্য হলে সাংবিধানিক সংকট তৈরি হবে এবং এতে জাতীয় সংসদ নির্বাচন বিলম্বিত হবে। তাই এই মুহূর্তে রাষ্ট্রপতির অপসারণ চায় না বিএনপি। তিনি তখন আরও বলেছিলেন, "এই পদটা একটা সাংবিধানিক পদ, একটা প্রতিষ্ঠান। সর্বোচ্চ সাংবিধানিক পদ। এই পদে হঠাৎ করে পদত্যাগের মাধ্যমে শূন্যতা সৃষ্টি হলে সাংবিধানিক শূন্যতা সৃষ্টি হবে। রাষ্ট্রীয় সংকটের সৃষ্টি হবে।„

**অপসারণ বা পদত্যাগের দাবি কখন উঠেছিল**

শেখ হাসিনা সরকারের পতনের পর থেকেই আন্দোলনকারীদের দিক থেকে রাষ্ট্রপতির পদ থেকে মো. সাহাবুদ্দিনকে সরিয়ে দেওয়ার দাবি উঠতে থাকে। যদিও তার কাছেই শপথ নিয়েছিল অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার। মি. ইউনূস শপথ নেওয়ার পর আর কখনও বঙ্গভবনে গিয়ে রাষ্ট্রপতির সাথে সাক্ষাৎ করেননি। এমনকি সরকার প্রধানের বিদেশ সফর থেকে এসে রাষ্ট্রপতির সাথে সাক্ষাৎ করে সফরের বিস্তারিত জানানো কিংবা কোনো চুক্তি হলে তা রাষ্ট্রপতিকে অবহিত করার যে রাষ্ট্রাচারের চর্চা ছিল, সেটিও তিনি মানেননি। অন্তর্বর্তী সরকার গঠনের দুই মাসেরও বেশি সময় পর ১৯ অক্টোবর ঢাকার দৈনিক মানবজমিন পত্রিকায় রাষ্ট্রপতির একটি সাক্ষাৎকার প্রকাশ হয়। এতে তিনি দাবি করেছিলেন, তিনি শুনেছেন, "শেখ হাসিনা প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করেছেন, কিন্তু তার কাছে কোনো দালিলিক প্রমাণ নেই।„ এ ঘটনায় তীব্র ক্ষুব্ধ হয়ে ওঠে অন্তর্বর্তী সরকার ছাড়াও শেখ হাসিনা সরকার পতনের আন্দোলনে নেতৃত্ব দেওয়া বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনসহ আওয়ামী লীগ ও শেখ হাসিনা বিরোধী বিভিন্ন সংগঠন, যেগুলো শেখ হাসিনার পতনের পর গড়ে উঠেছিল। ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার পদত্যাগ নিয়ে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন মিথ্যাচার করেছেন বলে তখন মন্তব্য করেছিলেন তখনকার অন্তর্বর্তীকালীন সরকারের আইন উপদেষ্টা আসিফ নজরুল। কেন্দ্রীয় শহিদ মিনারে ২০২৪ সালের ২২ অক্টোবর রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের পদত্যাগ ও ছাত্রলীগকে নিষিদ্ধের দাবিতে কেন্দ্রীয় শহিদ মিনারে গণজমায়েত কর্মসূচি শুরু; বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। ওইদিন বঙ্গভবনের সামনে অবস্থান নেয় একদল বিক্ষোভকারী।

ইনকিলাব মঞ্চ, রক্তিম জুলাই ২৪, ৩৬ জুলাই পরিষদ, জিয়াউর রহমান সমাজকল্যাণ পরিষদসহ বিভিন্ন নামে আলাদা আলাদা বিক্ষোভ শুরু হয় বঙ্গভবনের সামনে। এক পর্যায়ে রাষ্ট্রপতির পদত্যাগের দাবিতে বঙ্গভবনের সামনের রাস্তা

অবরোধের পর রাতে ব্যারিকেড ভেঙে ভেতরে প্রবেশের চেষ্টা করে এসব সংগঠনের কর্মীরা। পরে সেই রাতে পুলিশ ও সেনা সদস্যদের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। তখনকার তথ্য উপদেষ্টা নাহিদ ইসলাম ওইদিন সচিবালয়ে সাংবাদিকদের বলেছিলেন যে, রাষ্ট্রপতি ইস্যুতে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সরকার রাষ্ট্রের স্থিতিশীলতা, নিরাপত্তা ও শৃঙ্খলাকে সবচেয়ে বেশি গুরুত্ব দিচ্ছে। রাষ্ট্রপতি অবশ্য কালের কণ্ঠকে দেওয়া সাক্ষাৎকারে বলেছেন, ”রাত ১২টার সময় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতা তখনকার তথ্য উপদেষ্টা নাহিদ ইসলাম ফোন করল, ”এ রকম একটা খবর পাওয়া গেছে, ওরা আমাদের লোক না। আমি এ বিষয়ে প্রধান উপদেষ্টার সঙ্গে কথা বলেছি। এগুলো সব আমরা ডিসপার্স করার চেষ্টা করছি।„ ওদিকে এই ঘটনার আগে কিংবা পরে অন্তর্বর্তী সরকারের ভেতর থেকেও রাষ্ট্রপতি অপসারণের চেষ্টা হয়েছিল বলে জানিয়েছেন মো.সাহাবুদ্দিন।

**বিএনপির বিষয়ে কী বলেছেন রাষ্ট্রপতি**

সাক্ষাৎকারে অন্তর্বর্তী সরকারের ভেতর থেকে তাকে অপসারণের চেষ্টা হয়েছিল জানিয়ে রাষ্ট্রপতি কালের কণ্ঠকে দেওয়া সাক্ষাৎকারে বলেছেন, তখন বিএনপির 'উচ্চপদে আসীন' নেতা তাকে আশ্বস্ত করে বলেছিলেন, ”আপনার প্রতি আমাদের সমর্থন আছে। আমরা সাংবিধানিক ধারাবাহিকতা অক্ষুণ্ণ রাখতে চাই। কোনো অসাংবিধানিক উপায়ে রাষ্ট্রপতিকে অপসারণের পক্ষে আমরা নই।„ রাষ্ট্রপতি জানান, তাকে অপসারণের ওই উদ্যোগটি এসেছিল গণ-অভ্যুত্থানের কিছু নেতার চাপে। তখন দলগুলো ও অন্তর্বর্তী সরকার একটি সিদ্ধান্তে আসে যে, রাজনৈতিক দলগুলো চাইলেই কেবল তিনি অপসারিত হবেন। ”আমি বলব যে, বিএনপি ও তাদের জোটসঙ্গীরা একটা গ্রুপ হয়ে যায়। আর আরেকটা গ্রুপ হয়ে যায়, তাদের আপনারা সবাই চেনেন। তবে তারা শেষ পর্যন্ত সফল হয়নি। উদ্যোগটা ব্যর্থ হলো বিএনপি ও তাদের জোটের কারণে। একটা বৃহত্তর রাজনৈতিক দল যে স্ট্যান্ডটা নিয়েছে, সেটাকে সরকার তখন সমর্থন করতে বাধ্য হলো,„ সাক্ষাৎকারে কালের কণ্ঠকে বলেছেন রাষ্ট্রপতি। তিনি আরও বলেছেন, বিএনপির সর্বোচ্চ পর্যায় থেকে তাকে তখন এই বলে আশ্বস্ত করা হয়েছিল যে, তিনি যেন সাংবিধানিক ধারাবাহিকতা রক্ষায় অবিচল থাকেন এবং কোনো অবৈধ উপায়ে রাষ্ট্রপতি অপসারণের পক্ষে তারা নয়। ”এ ছাড়া তিন বাহিনীর পক্ষ থেকে আমাকে সর্বোচ্চ সমর্থন দিয়েছে। তারা শুধু একটা কথাই বলেছে, 'মহামান্য, আপনি হচ্ছেন সশস্ত্র বাহিনীর প্রধান। আপনার পরাজিত হওয়া মানে পুরো সশস্ত্র বাহিনীরই পরাজিত হওয়া। এটা আমরা যে-কোনো মূল্যে রোধ করব। শেষ পর্যন্ত তারা এটা করেছে,„ ওই সাক্ষাৎকারে বলেছেন মো. সাহাবুদ্দিন। ওই সময়টিকে কঠিন সময় আখ্যায়িত করে রাষ্ট্রপতি বলেছেন, ওই কঠিন সময়েও বিএনপির শীর্ষ নেতৃত্ব আমার পাশে ছিলেন এবং তারা তখনও সংবিধানের ধারাবাহিকতা অক্ষুণ্ণ রাখার বিষয়টি আমার কাছে স্পষ্ট ভাষায় ব্যক্ত করেছেন। ”বিশেষ করে বিএনপির চেয়ারম্যান তারেক রহমানকে ঘিরে আমার মনের মধ্যে অনেক কৌতূহল জমা ছিল। কিন্তু আমি পর্যায়ক্রমে বুঝতে পারলাম, তিনি খুবই আন্তরিকতাপূর্ণ মানুষ। হি ওয়াজ সো কর্ডিয়াল! আমার দুঃসময়ে বিএনপির সহযোগিতা শতভাগ ছিল,„ বলেছেন তিনি।

(বিবিসি ওয়েব পেজ : ২৩.০২.২০২৬ আলী আহমেদ)

## চিফ প্রসিকিউটরের পদে রদবদল মানবতাবিরোধী অপরাধ মামলার বিচারে কতটা প্রভাব ফেলবে?

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর তাজুল ইসলামকে সরিয়ে দিয়ে আমিনুল ইসলামকে নতুন চিফ প্রসিকিউটর নিয়োগ দেওয়াকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগ মাধ্যমে চলছে বেশ আলোচনা। এরই মধ্যে, বিএনপিপন্থি আইনজীবী নতুন চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম ট্রাইব্যুনালে গিয়ে দায়িত্ব গ্রহণ করেছেন। চব্বিশের গণ-অভ্যুত্থানের পরে ৫ সেপ্টেম্বর তৎকালীন অন্তর্বর্তী সরকার জামায়াতে ইসলামীপন্থি সুপ্রিম কোর্টের আইনজীবী তাজুল ইসলামকে চিফ প্রসিকিউটর হিসেবে নিয়োগ দেয়। যদিও আওয়ামী লীগ সরকারের সময়ে এই ট্রাইব্যুনালে যুদ্ধাপরাধে অভিযুক্ত জামায়াত নেতাদের আইনজীবী ছিলেন তাজুল ইসলাম। একইসাথে পুনর্গঠন করা হয় ট্রাইব্যুনাল। এরপর থেকে মি. ইসলাম জুলাইয়ে গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের ২১টি মামলায় চিফ প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন। যেগুলোর আসামি শেখ হাসিনা, তার সরকারের মন্ত্রী, সংসদ সদস্য, আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগের নেতা, সাবেক বিচারপতি, বর্তমান ও সাবেক সেনা কর্মকর্তা এবং পুলিশের কর্মকর্তারা। গত ১৭ মাসে বিচারিক কার্যক্রম শেষে তিনটি মানবতাবিরোধী অপরাধ মামলার রায় ঘোষণা করেছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। বিচারিক কার্যক্রম শেষে রায় ঘোষণার জন্য অপেক্ষমাণ রয়েছে জুলাইয়ে আন্দোলনের সময় নিহত আবু সাঈদ হত্যা মামলাসহ দুইটি মামলা। ফলে মামলাগুলোর এই পর্যায়ে চিফ প্রসিকিউটরের মতো গুরুত্বপূর্ণ পদে রদবদল হওয়ায় বিচারিক প্রক্রিয়ায় কোনো প্রভাব পড়বে কি না এমন প্রশ্ন উঠেছে। যদিও আইন বিশেষজ্ঞরা বলছেন, এই পরিবর্তনের ফলে বিচারিক প্রক্রিয়ায় তেমন কোনো প্রভাব পড়বে না কিন্তু তারা আশা করছেন, বিচারিক প্রক্রিয়ায় যে-সব সমস্যা ছিল, সেগুলোর নিরসন হবে।

**রোববার থেকেই তাজুল ইসলামের নিয়োগ বাতিলের গুঞ্জন**

সামাজিক যোগাযোগমাধ্যমে রোববার রাত থেকেই তাজুল ইসলামকে চিফ প্রসিকিউটরের পদ থেকে অপসারণের বিষয়টি নিয়ে আলোচনা চলছে। ব্রিটিশ সাংবাদিক ডেভিড বার্গম্যান এই নিয়োগ বাতিল হতে যাচ্ছে মর্মে ফেসবুকে

একটি স্ট্যাটাস পোস্ট করেন। মি. বার্গম্যান সাংবাদিক হিসেবে দীর্ঘদিন ধরে বাংলাদেশের মানবতাবিরোধী অপরাধের বিচার কার্যক্রম পর্যবেক্ষণ করছেন। তবে, রাতে নিয়োগ বাতিলের প্রজ্ঞাপন দেয়নি আইন মন্ত্রণালয়। সোমবার সকালে তাজুল ইসলামের নিয়োগ বাতিল ও নতুন চিফ প্রসিকিউটরের নিয়োগের প্রজ্ঞাপন দেয় আইন মন্ত্রণালয়। পরে দুপুরে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে এক ব্রিফিং-এ তাজুল ইসলাম বলেন, "আমি তো মনে করি কোনো শঙ্কার কারণ নেই। এটা স্বাভাবিক প্রক্রিয়া।„ নির্বাচিত সরকার দায়িত্ব নিলে নিজের পছন্দসই ব্যক্তিকে নিয়োগ দেবেন, সেটাই স্বাভাবিক বলে জানান তিনি। নতুন চিফ প্রসিকিউটরকে শুভকামনা জানিয়ে, প্রয়োজনে সহযোগিতা ও পরামর্শও দেবেন বলে উল্লেখ করেন তিনি। "আমি একজন সাধারণ নাগরিক হিসেবে চাইবো, যে বিচার প্রক্রিয়া এখানে চলমান আছে, তা যেন অব্যাহত থাকে। বাংলাদেশে পুনরায় যাতে এ ধরনের অপরাধ ফিরে না আসে,„ বলেন তিনি।

**'প্রতিহিংসা পরায়ণতার অবসান হবে বলে আশা করি'**

নতুন চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম ট্রাইব্যুনালের দায়িত্ব গ্রহণ করার পরে এক প্রতিক্রিয়ায় 'জুলাই শহিদদের আকাঙ্ক্ষা অনুযায়ী' ট্রাইব্যুনালে বিচার কার্যক্রম চালানোর অভিপ্রায় ব্যক্ত করেছেন। সাধারণ মানুষের প্রত্যাশা অনুযায়ী মামলা নিষ্পত্তি হয়নি উল্লেখ করে মি. ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "আমি চেষ্টা করবো এই ট্রাইব্যুনালগুলোতে আরো গতিশীলতা আনার জন্য।„ তবে, ট্রাইব্যুনালের মামলাগুলো যে অবস্থায় রয়েছে, তাতে বিচারিক কার্যক্রমে প্রভাব পড়বে কি না, নতুন করে তদন্ত করতে হবে কি না প্রশ্ন করলে এখনই এ বিষয়ে উত্তর দিতে রাজি হননি তিনি। অন্ততপক্ষে সাতদিন কাজ করার পর এ বিষয়ে উত্তর দিতে পারবেন বলে জানান মি. ইসলাম। দায়িত্ব গ্রহণের প্রথমদিনই নতুন চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম জানান, যারা অন্যায় করেনি, হয়রানির শিকার হবে না তারা। "এই ট্রাইব্যুনালে যে সকল অপরাধীরা বিচারের সম্মুখীন, তাদের জন্য সুস্পষ্ট ম্যাসেজ যে, যারা কোনো অন্যায় করেননি, তারা কোনো হয়রানির শিকার হবেন না, অন্তত প্রসিকিউশনের মাধ্যমে। কিন্তু যারা প্রকৃত অপরাধী, তাদের প্রতি প্রসিকিউশনের পক্ষ থেকে একটা ক্লিয়ার ম্যাসেজ আমি দিতে চাই যে, যারা অপরাধী তাদের প্রাপ্য সাজা তাদের পেতে হবে,„ বলেন মি. ইসলাম।

এদিকে, সামাজিক যোগাযোগ মাধ্যমে ট্রাইব্যুনালেরই একজন প্রসিকিউটর বিএম সুলতান মাহমুদ সাবেক চিফ প্রসিকিউটর তাজুল ইসলামের বিরুদ্ধে আর্থিক লেনদেনের সুনির্দিষ্ট অভিযোগ তুলেছেন। সুপ্রিম কোর্টের আইনজীবীদের কেউ কেউ তাজুল ইসলামের বিরুদ্ধে বিচারিক প্রক্রিয়ায় ব্যত্যয় ঘটানোর অভিযোগও তুলেছেন। প্রসিকিউটরদের বিরুদ্ধে বাড়তি সুবিধা নেওয়ার যে অভিযোগ উঠেছে, তদন্ত করে ব্যবস্থা নেবেন কি না এমন প্রশ্ন করা হলে উত্তর না দিয়ে সময় চান তিনি। আমিনুল ইসলাম বলেন, "আমি মনে করি যে, আমি অফিসে বসি। তো সেখানে আপনি যে কথাগুলো বললেন, যদি ওইরকম কিছু হয়, নিশ্চয়ই আমার কাছে আসবে এবং তখন এগুলো দেখা যাবে।„ নতুন করে এই পরিবর্তনের ফলে চব্বিশের গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলার বিচারিক প্রক্রিয়া কীভাবে এগোবে, এমন কোনো নির্দেশনা আইনমন্ত্রীর কাছ থেকে পেয়েছেন কিনা, এমন প্রশ্নে মি. ইসলাম জানান, "আইনের বাইরে অন্য কোনো নির্দেশনা থাকতে পারে না।„ জুলাইয়ের মানবতাবিরোধী অপরাধ মামলার বিচারিক প্রক্রিয়ার শুরু থেকেই মানবাধিকার কর্মী ও আইন বিশেষজ্ঞরা নানা ব্যত্যয় ও ত্রুটির কথা নিয়ে সমালোচনা করে আসছিলেন। তাদেরই একজন সুপ্রিম কোর্টের আইনজীবী সারা হোসেন। তিনি বলেন, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের মামলায় গত ১৫ মাসে বিনা বিচারে অনেককেই দীর্ঘদিন ধরে আটকে রাখা হয়েছে। "মূল বিষয় যেটা আমরা দেখেছি, গত ১৫ মাসে যে বিনা বিচারে অনেকে আটক আছেন এবং বিনা বিচারে অনেক ভিকটিমরাও কিন্তু অপেক্ষা করেছেন অনেক মাস ধরে। কোনো সুরাহা পান নাই বা বিচার পান নাই,„ বলেন মিজ হোসেন।

চিফ প্রসিকিউটর পদের এই পরিবর্তনের ফলে প্রতিহিংসা পরায়ণতার অবসান হবে বলে আশাপ্রকাশ করেছেন তিনি। "আশা করছি, বিষয়গুলো নতুনভাবে দেখা হবে, একটা সুযোগ আছে। প্রতিহিংসাপরায়ণ যে প্রক্রিয়াগুলো আমরা দেখেছি চলমান হতে, সেগুলোর আশা করি অবসান হবে,„ বিবিসি বাংলাকে বলেন সারা হোসেন। এদিকে, সুপ্রিম কোর্টের আরেকজন আইনজীবী মনজিল মোরসেদও মনে করেন, চিফ প্রসিকিউটর পরিবর্তনের ফলে বিচারে কোনো প্রভাব পড়বে না। "নতুন যিনি নিয়োগ পেয়েছেন ট্রায়ালে তিনি অভিজ্ঞ। এক্ষেত্রে ট্রায়াল ক্ষতিগ্রস্ত হওয়ার কোনো সুযোগ নেই,„ বলেন মি. মোরসেদ। একাত্তরে মুক্তিযুদ্ধের সময়কার মানবতাবিরোধী অপরাধের অভিযোগে আওয়ামী লীগের আমলে জামায়াতে ইসলামীর নেতাদের বিচার করায় প্রতিহিংসাবশত এই বিচার হচ্ছে, আওয়ামী লীগ নেতাদের এমন রাজনৈতিক বক্তব্যের অবসান হবে বলেও মনে করেন আইনজীবী মনজিল মোরসেদ। "নতুন চিফ প্রসিকিউটর জামায়াতে ইসলামীর না, আবার আমার যতদূর ধারণা কোনো যুদ্ধাপরাধীর পক্ষে ট্রাইব্যুনালে লড়েননি। কাজেই বিচারের বিপক্ষে আওয়ামী লীগ যে আলোচনাটা করতো, সেটাও পরিবর্তন হবে,„ বলে মন্তব্য করেন মি. মোরসেদ।

**ট্রাইব্যুনালের মামলাগুলোর যে অবস্থা**

পুনর্গঠিত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে জুলাইয়ের মানবতাবিরোধী অপরাধের ২১টি মামলায় ৪৫৭ জনের বিরুদ্ধে বিচার চলছে। আসামিদের মধ্যে ২৯৩ জন পলাতক এবং ১৬৪ জন কারাগারে রয়েছে। প্রথমে একটি ট্রাইব্যুনালে

বিচারিক কার্যক্রম চললেও, পরে আরেকটি ট্রাইব্যুনাল গঠন করা হয়। দুই ট্রাইব্যুনালে এ বছরের ৯ ফেব্রুয়ারি পর্যন্ত ২৪টি আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করা হয়েছে। যে তিনটি মামলায় রায় ঘোষণা করা হয়েছে, সেগুলোর একটিতে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকে মৃত্যুদণ্ড দিয়েছে ট্রাইব্যুনাল। এই মামলায় সাবেক আইজিপি চৌধুরী আব্দুল্লাহ আল মামুন রাজসাক্ষী হওয়ায় সাজা কমিয়ে পাঁচ বছরের কারাদণ্ড দেওয়া হয়। এছাড়া ডিএমপির সাবেক কমিশনার হাবিবুর রহমান হাবিবসহ ১১ জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দিয়েছে ট্রাইব্যুনাল। এছাড়া গাজীপুরের সাবেক সংসদ সদস্য সাইফুল ইসলামসহ ১৫ জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দিয়েছে ট্রাইব্যুনাল-২। রাজসাক্ষী হওয়া এক আসামিকে খালাস করে রায় দেওয়া হয় এই মামলায়। জুলাইয়ের মানবতাবিরোধী অপরাধের আরো ৩৪টি মামলা এখন তদন্তাধীন রয়েছে ট্রাইব্যুনালের তদন্ত সংস্থায়। এরই মধ্যে, রামপুরায় ছাদের কার্নিশে ঝুলে থাকা ব্যক্তিকে হত্যার মামলার বিচার কাজ শেষ হয়েছে। আগামী ৪ মার্চ রায় ঘোষণা করা হবে। এই ট্রাইব্যুনালেই আওয়ামী লীগ সরকারের আমলের হওয়া গুম ও নির্যাতনের বিচার চলছে। বিচারের মুখোমুখি হয়েছেন সাবেক সেনা কর্মকর্তা জিয়াউল আহসান। সাবেক ও বর্তমান কর্মরতসহ মোট ২০জন সেনা কর্মকর্তা মামলার আসামি। পুলিশের একেবারে উর্ধ্বতন কর্মকর্তাসহ মোট ৬৫ জন জুলাইয়ের মানবতাবিরোধী অপরাধ মামলার আসামি।(বিবিসি ওয়েব পেজ : ২৩.০২.২০২৬ আলী আহমেদ)

## এনএইচকে

### ইরানের পররাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন ইরান ও আমেরিকা বৃহস্পতিবার জেনেভায় আবার বৈঠক করবে

ইরানের পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, তিনি দেশটির পারমাণবিক কর্মসূচি নিয়ে পরবর্তী দফা আলোচনার জন্য বৃহস্পতিবার জেনেভায় একটি মার্কিন প্রতিনিধিদলের সাথে পুনরায় দেখা করবেন। রবিবার তেহরান থেকে মার্কিন সম্প্রচারমাধ্যম সিবিএস-এর সাথে কথা বলেছেন পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। আরাঘচিকে পারমাণবিক ইস্যুতে সম্ভাব্য চুক্তির খসড়া প্রস্তাব সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল, যা মার্কিন বিশেষ দূত স্টিভ উইটকফের কাছে উপস্থাপন করা হবে বলে আশা করা হচ্ছে। ইরানি মন্ত্রী বলেন, ”আমরা এটিকে এরূপ কিছু করার চেষ্টা করছি, যাতে এমন উপাদান থাকবে, যেগুলো উভয়পক্ষের উদ্বেগ এবং স্বার্থের সাথে সংগতিপূর্ণ হবে।„ তিনি আরও বলেন, বৈঠকে ”আমরা সেই বিষয়গুলি নিয়ে কাজ করতে পারি এবং একটি ভালো খসড়া প্রস্তুত করে দ্রুত চুক্তিতে পৌঁছাতে পারি।„ রবিবার মার্কিন সংবাদভিত্তিক ওয়েবসাইট অ্যাক্সিওস মার্কিন কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে জানিয়েছে, ”একটি বিশাল মার্কিন-ইসরায়েলি সামরিক অভিযান শুরু করার আগে চলমান কূটনৈতিক চাপ সম্ভবত প্রেসিডেন্ট ট্রাম্পের ইরানকে দেওয়া শেষ সুযোগ।„ আলোচনায় তেহরান কতদূর আপোশ করবে, তার দিকে এখন মনোযোগ নিবদ্ধ রয়েছে।
(এনএইচকে ওয়েবপেইজ: ২৩.০২.২৬ রনি)

## ডয়চে ভেলে

### ৫ আগস্টের পরের মামলাগুলো যাচাই-বাছাই করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

ছাত্র-জনতার অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকার পতনের পর যে-সব মামলা হয়েছে, সেগুলো পুনরায় যাচাই-বাছাই করতে পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে। নিরীহ মানুষ যাতে ভোগান্তির শিকার না হন, সেজন্য এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ জানিয়েছেন। আজ সোমবার মন্ত্রণালয়ের আওতাধীন সব অধিদপ্তর ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রধানদের সঙ্গে বৈঠকের পর সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে তিনি বলেন, ৫ আগস্টের পর বেশকিছু মামলা হয়েছে, কিছু সুবিধাবাদী মানুষ এসব মামলা করেছে। ব্যবসায়ী-সাংবাদিকসহ সমাজের বিভিন্ন পেশার মানুষদের নামে মামলা করা হয়েছে। এসব মামলা যাচাই-বাছাই করা হবে এ জন্য যে, আইনের শাসন প্রতিষ্ঠা করতে হবে। নিরীহ মানুষ যাতে ভোগান্তিতে না পড়েন, সেজন্য এসব মামলা পুনরায় যাচাই করতে পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে। মামলাগুলো পরীক্ষা-নিরীক্ষা করে পুলিশ সরকারকে প্রতিবেদন দেবে বলে জানান তিনি। এ সময় বিডিআর বিদ্রোহের ঘটনার আবার তদন্ত হবে বলেও জানান সালাহউদ্দিন আহমদ।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ রুবাইয়া)

### বাংলাদেশে সেনাবাহিনীতে রদবদল

বাংলাদেশ সেনাবাহিনীর উচ্চপর্যায়ে কয়েকটি গুরুত্বপূর্ণ পদে রদবদল আনা হয়েছে। রোববার সেনাসদর থেকে এই সংক্রান্ত আদেশ জারি করা হয়েছে বলে প্রতিরক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে। লেফটেন্যান্ট জেনারেল মো. মাইনুর রহমানকে আর্মি ট্রেনিং অ্যান্ড ডকট্রিন কমান্ড (আর্টডক) থেকে সদর দপ্তরের চিফ অব জেনারেল স্টাফ (সিজিএস) করা হয়েছে। আর সেনাবাহিনীর ২৪ পদাতিক ডিভিশনের জিওসি (জেনারেল অফিসার কমান্ডিং) মেজর জেনারেল মীর মুশফিকুর রহমানকে পদোন্নতি দিয়ে লেফটেন্যান্ট জেনারেল করা হয়েছে। পদোন্নতির পর তাকে সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার (পিএসও) হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার হিসেবে দায়িত্ব পালন করে আসা লেফটেন্যান্ট জেনারেল এস এম কামরুল হাসানকে আর্মড ফোর্সেস

ডিভিশন (এএফডি) থেকে রাষ্ট্রদূত হিসেবে পররাষ্ট্র মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে। ৫৫ পদাতিক ডিভিশনের মেজর জেনারেল জে এম ইমদাদুল ইসলামকে ইস্ট বেঙ্গল রেজিমেন্ট সেন্টারের (ইবিআরসি) কমান্ড্যান্ট হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। ইবিআরসির মেজর জেনারেল ফেরদৌস হাসান সেলিমকে ২৪ পদাতিক ডিভিশনের জিওসি (জেনারেল অফিসার কমান্ডিং) করা হয়েছে। ভারতে বাংলাদেশ দূতাবাসের ডিফেন্স অ্যাডভাইজার ব্রিগেডিয়ার জেনারেল মো. হাফিজুর রহমানকে পদোন্নতি দিয়ে মেজর জেনারেল করা হয়েছে। তাকে ৫৫ পদাতিক ডিভিশনের জিওসি করা হয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশে তীব্র গ্যাস সংকট

বাংলাদেশে তীব্র গ্যাস সংকট চলছে। অনেক বাড়িতে প্রয়োজনের সময় গ্যাস পাচ্ছেন না বাসিন্দারা। ফলে তারা প্রবল অসুবিধেয় পড়েছেন। ঢাকার ধানমন্ডির জাকিয়া রায়হানা প্রয়োজনের সময় গ্যাস না পেয়ে রান্না করতে পারছেন না। এই রমজান মাসে ভোগান্তি চরমে পৌঁছেছে। ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার প্রথম আলোকে জাকিয়া বলেছেন, "চারদিন ধরে বাসার কোনো ফ্ল্যাটে গ্যাস নেই। আশপাশের বাসায়ও নেই। মানুষের খুব কষ্ট হচ্ছে। এভাবে চলা যায় না।„ গ্যাসের এই সংকট আজকের নয়, দেড় দশকের বেশি সময় ধরে চলছে। এ সময়ে গ্যাসের দাম বাড়ানো হয়েছে লাফিয়ে লাফিয়ে। সংকট কাটানোর কথা বলে আমদানির উদ্যোগ নেওয়া হয়েছে, যা অর্থনীতিতে সংকট তৈরি করেছে। বড়ো অঙ্কের দেনার মুখে পড়েছে দেশ, কিন্তু গ্যাস-সংকট আর কাটেনি। রান্নায় যেমন গ্যাস লাগে, তেমনি শিল্প খাত, বিদ্যুৎ ও সার উৎপাদনে গ্যাস লাগে। পরিবহণের একাংশ চলে গ্যাসে। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের কর্মকর্তা ও বিশেষজ্ঞরা বলছেন, নতুন সরকারের সামনে বড়ো চ্যালেঞ্জগুলোর একটি গ্যাস সরবরাহ বাড়ানো। না পারলে মানুষের ভোগান্তি যাবে না। আবার শিল্প খাত গ্যাস না পেলে বিনিয়োগ ও কর্মসংস্থানে বাধা তৈরি হবে। জ্বালানি মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, সব খাত মিলিয়ে দেশে গ্যাসের চাহিদা দিনে ৩৮০ কোটি ঘনফুট। দেশীয় উৎপাদন ও আমদানি মিলিয়ে সরবরাহ করা হয় ২৬৫ কোটি ঘনফুট। ফলে ঘাটতি থাকছে ১১৫ কোটি ঘনফুট। এ কারণে বাসাবাড়ি, শিল্পে গ্যাস ও পরিবহণে গ্যাস-সংকট থাকছেই।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ রুবাইয়া)

## আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনালের চিফ প্রসিকিউটর বদল

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটরের পদ থেকে মোহাম্মদ তাজুল ইসলামকে সরিয়ে দেওয়া হয়েছে। তাঁর স্থলে নতুন চিফ প্রসিকিউটর হিসেবে আইনজীবী মো. আমিনুল ইসলামকে নিয়োগ দেওয়া হয়েছে। নতুন এই নিয়োগের বিষয়ে আজ সোমবার প্রজ্ঞাপন জারি করেছে আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সলিসিটর অনুবিভাগ। প্রজ্ঞাপনে বলা হয়, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর হিসেবে মোহাম্মদ তাজুল ইসলামের নিয়োগ বাতিল করা হলো। ট্রাইব্যুনালের মামলা পরিচালনার জন্য আইনজীবী আমিনুল ইসলামকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত চিফ প্রসিকিউটর পদে নিয়োগ দেওয়া হলো। অ্যাটর্নি জেনারেলের সমান পদমর্যাদা, বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা পাবেন তিনি। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে। সুপ্রিম কোর্টের আইনজীবী তাজুল ইসলামকে ২০২৪ সালের ৫ সেপ্টেম্বর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর নিয়োগ দিয়েছিল তৎকালীন অন্তর্বর্তী সরকার। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের মধ্যদিয়ে গঠিত বিএনপি সরকার এ নিয়োগ বাতিল করল। সরকার নতুন চিফ প্রসিকিউটর হিসেবে আইনজীবী আমিনুল ইসলামকে নিয়োগ দিল।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## প্রধানমন্ত্রীর সঙ্গে চীনের রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন সাক্ষাতের বিষয়টি নিশ্চিত করেছেন। সূত্র জানায়, প্রধানমন্ত্রী তারেক রহমান বাংলাদেশের ‵বাংলাদেশ ফার্স্ট, নীতি চীনের কাছে তুলে ধরেছেন। চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েনও বাংলাদেশের সার্বভৌমত্ব রক্ষায় অব্যাহত সহযোগিতার প্রতিশ্রুতি দিয়েছেন। দুইপক্ষ সাক্ষাতের সময় দ্বিপাক্ষিক সম্পর্ক ও বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির বিষয়েও আলোচনা করেছেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০২.২০২৬ আসাদ)

## কেউ পুলিশের কাজে বাধা দিতে পারবে না, দিলেই সঙ্গে সঙ্গে ব্যবস্থা : স্বরাষ্ট্রমন্ত্রী

কেউ পুলিশের কাজে অবৈধভাবে হস্তক্ষেপ করতে পারবে না বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। সোমবার দুপুরে সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রধানদের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এ কথা জানান তিনি। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, কেউ যদি পুলিশের কাজে অবৈধভাবে বাধা বা হস্তক্ষেপ করে, তাহলে সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেওয়া হবে। রাজনৈতিক হোক কিংবা সামাজিক, কেউ পুলিশের বৈধ কাজে বাধা দিতে

পারবে না। পুলিশের কার্যক্রমও দেখা হবে যেন জনভোগান্তি না হয়। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ”পুলিশ জনগণের বন্ধু, এ কথা আমরা মুখে বলি। তবে বাস্তবে সেই বন্ধুত্ব প্রতিষ্ঠা করতে আমরা কাজ শুরু করেছি। বিগত ফ্যাসিবাদী সরকারের সময়ে নানা রাজনৈতিক হস্তক্ষেপের কারণে পুলিশসহ বিভিন্ন প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে পুলিশি ব্যবস্থা ছাড়া সমাজ টিকবে? অতএব আমরা পুলিশকে সংস্কার করতে চাই এবং তাদের মনোবল বৃদ্ধির মাধ্যমেই সেই সংস্কার সম্ভব। আমরা সেই কাজটাই করছি।„ (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০২.২০২৬ আসাদ)

## শিগ্গির শুরু হচ্ছে কৃষক কার্ড বিতরণ : তথ্যমন্ত্রী

দেশের কৃষকদের নানা সুবিধার আওতায় আনতে শিগ্গির ফ্যামিলি কার্ডের মতো কৃষি কার্ড বিতরণ শুরু হবে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। সোমবার সচিবালয়ে কৃষক কার্ড নিয়ে বৈঠকের পর মন্ত্রী এ কথা জানান। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তথ্যমন্ত্রী বলেন, মূলত আমাদের কৃষকদের একটা স্মার্ট কার্ড দেওয়া এবং স্মার্ট কার্ড দেওয়ার ক্ষেত্রে একটি ফ্যামিলি কার্ড নিয়ে আমরা আলাপ করছি। নীতিগতভাবে এটা আমাদের বহু আগের সিদ্ধান্ত। ইনশাল্লাহ, যত দ্রুত সম্ভব আমরা ফ্যামিলি কার্ডের মতোই কৃষক কার্ডের পাইলট প্রজেক্টে শুরু করতে যাচ্ছি। ঈদের আগে কি কৃষক কার্ড বিতরণ শুরু হবে- এ বিষয়ে তিনি বলেন, সময়টা এই মুহূর্তে বলা যাচ্ছে না। কারণ, সময়ের সঙ্গে তো প্রস্তুতির অনেক বিষয় জড়িত। তবে, আমাদের প্রধানমন্ত্রীর নির্দেশ এবং তার পরামর্শ হচ্ছে যত দ্রুত সম্ভব এটা করা যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০২.২০২৬ আসাদ)

## সব বাহিনীর প্রধানকে নিয়ে বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্ব পাওয়ার পর মন্ত্রণালয়ের আওতাধীন সব অধিদপ্তর ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রধানদের সঙ্গে বৈঠকে বসেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। সোমবার বেলা সাড়ে ১১টার দিকে সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে বৈঠকটি শুরু হয়। মন্ত্রণালয়ের দায়িত্বশীল সূত্র জানিয়েছে, নতুন মন্ত্রীর সঙ্গে এটি প্রথম আনুষ্ঠানিক বৈঠক হওয়ায় শুরুতে পরিচিতি পর্ব থাকবে। একইসঙ্গে দেশের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি, নির্বাচন-পরবর্তী নিরাপত্তা ব্যবস্থাপনা, গুরুত্বপূর্ণ স্থাপনা ও কূটনৈতিক জোনের সুরক্ষা জোরদার, জঙ্গিবাদ ও উগ্রবাদ দমন কার্যক্রম এবং মাদক ও চোরাচালানবিরোধী অভিযান নিয়ে আলোচনা হতে পারে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০২.২০২৬ আসাদ)

## রাষ্ট্রপতির সাক্ষাৎকার নিয়ে যা বললেন স্বরাষ্ট্রমন্ত্রী

গণমাধ্যমে প্রকাশিত রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সাম্প্রতিক সাক্ষাৎকার নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, ”দেশে প্রত্যেকের সাংবিধানিক অধিকার নিশ্চিত করা হবে। সবারই কথা বলার অধিকার আছে। যে যার মতো করে কথা বলবে, যারা জবাব দেওয়ার দেবে।„ সোমবার (২৩ ফেব্রুয়ারি) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রধানদের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি। এর আগে, রাষ্ট্রপতির সাক্ষাৎকারে বিএনপি ও অন্তর্বর্তী সরকার নিয়ে করা মন্তব্যের বিষয়ে তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেন, বিষয়টি বিস্তারিতভাবে পর্যালোচনা করে সরকারের পক্ষ থেকে আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানানো হবে। সম্প্রতি একটি জাতীয় গণমাধ্যমে প্রকাশিত সাক্ষাৎকারে রাষ্ট্রপতি তার ব্যক্তিগত জীবন ও রাজনৈতিক প্রেক্ষাপটের বিভিন্ন দিক তুলে ধরেন। সেখানে তিনি দুঃসময়ে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) তার পাশে ছিল বলে উল্লেখ করেন। পাশাপাশি অন্তর্বর্তী সরকারের কিছু পদক্ষেপকে অসাংবিধানিক আখ্যা দিয়ে যথাযথ সহযোগিতা পাননি বলেও ক্ষোভ প্রকাশ করেন বলে মন্ত্রীকে জানান সাংবাদিকরা। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ রিহাব)

## ১২ মার্চ সংসদের প্রথম অধিবেশন আহ্বান রাষ্ট্রপতির

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন বসছে আগামী ১২ মার্চ। ওইদিন বেলা ১১টায় জাতীয় সংসদ ভবনের সংসদ কক্ষে অধিবেশন আহ্বান করেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। সোমবার বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সচিব কানিজ মওলার সই করা সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, সংবিধানের ৭২ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতাবলে এ অধিবেশন আহ্বান করেন রাষ্ট্রপতি। জাতীয় সংসদের কার্যপ্রণালি বিধির ৫ ধারা অনুযায়ী, রাষ্ট্রপতির মনোনীত কোনো ব্যক্তি ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে স্পিকার নির্বাচিত না হওয়া পর্যন্ত সভাপতিত্ব করতে পারেন। গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ২৯৯ আসনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। এর মধ্যে ২৯৭ আসনের ফলাফল ঘোষণা করে ১৩ ফেব্রুয়ারি গেজেট প্রকাশ করে নির্বাচন কমিশন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০২.২০২৬ আসাদ)

## পররাষ্ট্রমন্ত্রীকে মার্কিন রাষ্ট্রদূতের অভিনন্দন

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রকে আরও নিরাপদ, শক্তিশালী ও সমৃদ্ধ করতে যৌথভাবে কাজ চালিয়ে যাওয়ার আশাবাদ ব্যক্ত করেছেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট টি ক্রিস্টেনসেন। সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গে প্রথম সৌজন্য বৈঠক শেষে সামাজিক যোগাযোগমাধ্যম এক্স-এ দেওয়া এক পোস্টে এ আশাবাদ ব্যক্ত

করেন মার্কিন রাষ্ট্রদূত। পররাষ্ট্রমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করায় ড. খলিলুর রহমানকে অভিনন্দনও জানিয়েছেন তিনি। পোস্টে ব্রেন্ট টি ক্রিস্টেনসেন বলেন, পররাষ্ট্রমন্ত্রী হিসেবে নতুন দায়িত্ব গ্রহণের জন্য খলিলুর রহমানকে অভিনন্দন। আমাদের দুই দেশকে আরও নিরাপদ, শক্তিশালী ও সমৃদ্ধ করতে একসঙ্গে কাজ চালিয়ে যেতে পেরে আমি আনন্দিত। কূটনৈতিক সূত্র জানায়, বৈঠকে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র দ্বিপাক্ষিক সম্পর্ক, পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় এবং আঞ্চলিক ও বৈশ্বিক ইস্যুতে সহযোগিতা বৃদ্ধির বিষয় নিয়ে আলোচনা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০২.২০২৬ আসাদ)

## নড়াইলে দু,পক্ষের সংঘর্ষ; নিহত বেড়ে ৫ জনে দাঁড়িয়েছে

নড়াইল সদর উপজেলায় আধিপত্য বিস্তারের জেরে সিংগোশোলপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান খায়ের গ্রুপ এবং খলিল গ্রুপের সংঘর্ষের ঘটনায় আরও একজনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় বাবা-ছেলেসহ উভয়পক্ষের মোট ৫ জন নিহত হয়েছেন। এতে অন্তত ৬ থেকে ৭ জন গুরুতর আহত হয়েছেন। সোমবার ভোর সাড়ে ৫টার দিকে উপজেলার বড়কুলা গ্রামে এ সংঘর্ষের ঘটনা ঘটে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০২.২০২৬ আসাদ)

## কারওয়ান বাজারে চাঁদাবাজি বন্ধ অনেক কঠিন : সাইফুল আলম মিলন

কারওয়ান বাজারে চাঁদাবাজি বন্ধ করা অনেক কঠিন বলে মন্তব্য করেছেন ঢাকা-১২ আসনের নবনির্বাচিত সংসদ সদস্য সাইফুল আলম মিলন। সোমবার কারওয়ান বাজারের কিচেন মার্কেটে ইসলামিয়া শান্তি সমিতির আয়োজনে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। রমজান উপলক্ষ্যে দ্রব্যমূল্য সহনীয় পর্যায় রাখতে ব্যবসায়ীদের কাছে চাঁদাবাজি, ভয়ভীতি ও হয়রানির প্রতিবাদে এই সংবাদ সম্মেলন আয়োজন করা হয়। সাইফুল আলম মিলন বলেন, কারওয়ান বাজারে চাঁদাবাজি এখন অনেক বড়ো ইস্যু। পরিস্থিতি এমন হয়ে গেছে এমপি নির্বাচিত হওয়ার পরে শুনছি, এখানে গেলে আমারও জীবনের ঝুঁকি আছে। সবাই বলে, `ডোন্ট গো ইউথ চাঁদাবাজি,। তিনি বলেন, এটি বন্ধ করা অনেক কঠিন। দু-দিন আগে শুনলাম, এখানে কয়েকজন মুরগি ব্যবসায়ী মিলে এক চাঁদাবাজকে ৬০ লাখ টাকা দেয়। এটা তো অনেক বড়ো অঙ্ক। এগুলো কারা নিচ্ছে, সেসব সবাই জানে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০২.২০২৬ আসাদ)

## অন্তর্বর্তী সরকারের সময় চাঁদাবাজি বাড়ে ২০-৫০ শতাংশ পর্যন্ত

আওয়ামী লীগ সরকারের পতনের পর অন্তর্বর্তী সরকারের সময়ে দেশে ২০ থেকে ৫০ শতাংশ পর্যন্ত চাঁদাবাজি বেড়েছে বলে জানিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি তাসকীন আহমেদ। তিনি বলেন, শুধু তা-ই নয়, অন্তর্বর্তী সরকারের সময়ে সরকারি দপ্তরে একদিনের জন্যও দুর্নীতি কমেনি। চাঁদাবাজি বন্ধ না হলে ব্যবসা বন্ধ করে দিতে হবে। সোমবার দুপুরে রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার অডিটোরিয়ামে ডিসিসিআই আয়োজিত `বিদ্যমান অর্থনৈতিক পরিস্থিতি মোকাবিলায় নতুন সরকারের কাছে ঢাকা চেম্বারের প্রত্যাশা, বিষয়ক এক সংবাদ সম্মেলনে ডিসিসিআই সভাপতি এসব কথা বলেন। অন্তর্বর্তী সরকারের সময় দেশে চাঁদাবাজি বেড়ে যাওয়ার তথ্য তুলে ধরে ডিসিসিআই সভাপতি বলেন, আওয়ামী লীগ সরকার পতনের আগে যে হারে চাঁদা দিতে হতো, ২০২৪ সালের ৬ আগস্ট থেকে একই হারে চাঁদা দিতে হয়েছে। তবে আওয়ামী লীগ সরকারের পতনের পর দেশে ২০ থেকে ৫০ শতাংশ পর্যন্ত চাঁদাবাজি বেড়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০২.২০২৬ আসাদ)

## সকাল ৯টার মধ্যে অফিসে না এলে পড়তে হবে শাস্তির মুখে : আইন ও বিচারবিভাগ

অফিস করার ক্ষেত্রে কর্মকর্তা-কর্মচারীদের অনিয়মের বিরুদ্ধে কঠোর অবস্থান নিয়েছে আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ। সকাল ৯টার মধ্যে অফিসে না এলে বা নির্ধারিত সময়ের আগে বিনা অনুমতিতে চলে গেলে সংশ্লিষ্টদের পড়তে হবে শাস্তির মুখে। এ বিষয়ে সোমবার (২৩ ফেব্রুয়ারি) অফিস আদেশ জারি করেছে আইন ও বিচার বিভাগ। এতে `সরকারি কর্মচারী বিধিমালা, ২০১৯, অনুযায়ী বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি, অফিস ত্যাগ ও বিলম্বে উপস্থিতিকে শাস্তিযোগ্য অপরাধ হিসেবে উল্লেখ করা হয়েছে। আদেশে বলা হয়, সব কর্মকর্তা-কর্মচারীকে কর্মদিবসে সকাল ৯টার মধ্যে নিজ নিজ দপ্তরে উপস্থিত থাকতে হবে। অফিস সময় শেষ হওয়ার আগে কেউ দপ্তর ত্যাগ করতে পারবেন না। রমজান মাসে বিকেল ৩টা ৩০ মিনিটের আগে এবং রমজান পরবর্তী সময়ে বিকেল ৫টার আগে অফিস ত্যাগ নিষিদ্ধ থাকবে। দাপ্তরিক বা জরুরি প্রয়োজনে অফিস ত্যাগ করতে হলে সংশ্লিষ্ট অনুবিভাগের প্রধানের অনুমতি নিতে হবে। একইসঙ্গে বিধিমালা অনুযায়ী অফিস ত্যাগের নির্ধারিত রেজিস্টারে এন্ট্রি এবং ডিজিটাল হাজিরা দেওয়া বাধ্যতামূলক করা হয়েছে। নির্দেশনায় আরও বলা হয়, এসব নিয়ম লঙ্ঘন করলে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে `সরকারি কর্মচারী বিধিমালা, এবং `সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮, অনুযায়ী শৃঙ্খলামূলক ব্যবস্থা নেওয়া হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০২.২০২৬ আসাদ)

## দুই মন্ত্রীর পিএস, পাঁচ প্রতিমন্ত্রীর এপিএস নিয়োগ

নতুন সরকারের দু-জন মন্ত্রীর একান্ত সচিব (পিএস) এবং পাঁচজন প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব (এপিএস) নিয়োগ দেওয়া হয়েছে। এই নিয়োগ দিয়ে সোমবার (২৩ ফেব্রুয়ারি) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের একান্ত সচিব নিয়োগ পেয়েছেন ওএসডি (বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা) উপ-সচিব মো. মনিরুজ্জামান। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্বে রয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রীর একান্ত সচিব হয়েছেন চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের সচিব (উপ-সচিব) রবীন্দ্র চাকমা। এ মন্ত্রণালয়ের মন্ত্রী দীপেন দেওয়ান। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব হয়েছেন মো. ইব্রাহিম খলিল। যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী হিসেবে রয়েছেন মো. আমিনুল হক। বাণিজ্য, বস্ত্র ও পাট এবং শিল্প প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব হয়েছেন মো. জুনাইদ। এ মন্ত্রণালয়ে প্রতিমন্ত্রীর দায়িত্বে রয়েছেন মো. শরীফুল আলম। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব হয়েছেন মো. আল মামুন। এম এ মুহিত স্বাস্থ্য প্রতিমন্ত্রীর দায়িত্বে রয়েছেন। ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব হয়েছেন মো. শরীফুল ইসলাম। এ দুই মন্ত্রণালয় প্রতিমন্ত্রীর দায়িত্বে রয়েছেন ফকির মাহবুব আনাম। প্রধানমন্ত্রীর উপদেষ্টা প্রতিমন্ত্রী পদমর্যাদায় মাহাদী আমিনের একান্ত সচিব নিয়োগ পেয়েছেন ক্যান্টনমেন্ট রাজস্ব সার্কেলের সহকারী কমিশনার (ভূমি) ফারহান লাবীব জিশান।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০২.২০২৬ রিহাব)

## গোপালগঞ্জে দুই পক্ষের সংঘর্ষে একজন নিহত, আহত ৩০

গোপালগঞ্জের মুকসুদপুরে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষে একজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন ১০ জন। সোমবার (২৩ ফেব্রুয়ারি) বেলা ১১টার দিকে উপজেলার কমলাপুর গ্রামে এ সংঘর্ষের ঘটনা ঘটে। নিহত ব্যক্তির নাম নিলু মুন্সি (৫০)। তিনি কমলাপুর গ্রামের আনোয়ার মুন্সির ছেলে। পুলিশ ও স্থানীয়রা জানান, আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে আনোয়ার হোসেন মুন্সি গ্রুপ ও নুর ইসলাম গ্রুপের মধ্যে এ সংঘর্ষের ঘটনা ঘটে। প্রথমে আনোয়ার মুন্সির পক্ষের লোকজন হাসপাতাল গেটে নুর ইসলামকে আক্রমণ করেন। এ ঘটনার জেরে নুর ইসলামের লোকজন আনোয়ার মুন্সির বাড়িতে গিয়ে হামলা ও ভাঙচুর চালান। পরে সংঘর্ষে বেধে যায়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০২.২০২৬ রিহাব)

## বাংলাদেশ ও ইইউ আরও ঘনিষ্ঠ সহযোগিতার অঙ্গীকার পুনর্ব্যক্ত

বাংলাদেশের সঙ্গে আরও ঘনিষ্ঠ সহযোগিতার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। ঢাকায় নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত মাইকেল মিলার সোমবার পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাতে এ প্রত্যয় ব্যক্ত করেন। ডেনমার্ক, ফ্রান্স, জার্মানি, ইতালি, নেদারল্যান্ডস, স্পেন ও সুইডেনের ঢাকায় অবস্থানরত রাষ্ট্রদূতরাও সাক্ষাতে অংশ নেন। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় পররাষ্ট্র মন্ত্রণালয়। বৈঠকে রাষ্ট্রদূতরা প্রধানমন্ত্রী তারেক রহমানকে জাতীয় নির্বাচনে বিশাল জয়ের জন্য অভিনন্দন জানান এবং পররাষ্ট্রমন্ত্রীকে নতুন দায়িত্বের জন্য শুভেচ্ছা ও অভিনন্দন জানান। পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, বৈঠকে উভয়পক্ষ বাংলাদেশ-ইইউ সম্পর্কের অগ্রগতিতে সন্তুষ্টি প্রকাশ করেন। তারা উল্লেখ করেন, দুই দেশের অংশীদারিত্ব বহুমুখী ও পারস্পরিক উপকারীভাবে গড়ে উঠেছে। রাষ্ট্রদূতরা পুনর্ব্যক্ত করেন যে, বর্তমান সরকারের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করে দীর্ঘমেয়াদি, পূর্বানুমানযোগ্য অংশীদারিত্বকে আরও সম্প্রসারিত করতে তারা প্রতিশ্রুতিবদ্ধ। রাষ্ট্রদূতরা দেশের গণতান্ত্রিক রূপান্তর, সংবিধান, বিচার ব্যবস্থা ও শ্রম সংস্কারে তাদের সমর্থন পুনর্ব্যক্ত করেন। পররাষ্ট্রমন্ত্রী ইইউ থেকে বাংলাদেশের জাতীয় নির্বাচনের জন্য পাঠানো বৃহৎ নির্বাচনি পর্যবেক্ষণ মিশনের জন্য ধন্যবাদ জানান। তিনি সরকারের গণতন্ত্রের সংহতি, আইনের শাসন ও সুশাসনের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০২.২০২৬ রিহাব)

## ঢাকায় আনার পথে নারীর মৃত্যু, পরিবারের অন্য ৮ জনের অবস্থাও আশঙ্কাজনক

চট্টগ্রামের হালি শহরের একটি বাসায় জমে থাকা গ্যাস বিস্ফোরণে দগ্ধদের উন্নত চিকিৎসার জন্য ঢাকায় আনার পথে নুরজাহান আক্তার রানী (৪০) নামে এক নারী মারা গেছেন। তার শরীরের শতভাগ দগ্ধ হয়েছিল বলে চিকিৎসক জানিয়েছেন। চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতাল থেকে সোমবার (২৩ ফেব্রুয়ারি) সন্ধ্যায় দগ্ধ ৯ জনকে ঢাকায় জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে আনা হয়। সেখানে রানীকে মৃত ঘোষণা করেন চিকিৎসক। ওই নারীর স্বামী-সন্তানসহ পরিবারের আরও আটজন বর্তমানে জাতীয় বার্নে চিকিৎসাধীন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ রিহাব)

## এবার ৩ সচিবকে সরানো হলো

এবার তিন সচিবকে সরানো হলো। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিবকে সরিয়ে সোমবার (২৩ ফেব্রুয়ারি) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। ধর্ম মন্ত্রণালয়ের সচিব মো. কামাল উদ্দিন, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব মো. সাইফুল্লাহ পান্না এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব রেহানা পারভীনকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত সচিব হিসেবে বদলি করা হয়েছে। এতে তাদের কোনো দপ্তর

রইল না। বিএনপি সরকার গঠনের আগেই মন্ত্রিপরিষদ সচিব শেখ আব্দুর রশীদ এবং সরকার গঠনের পরপরই প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এম সিরাজ উদ্দিন মিয়াকে সরিয়ে দেওয়া হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ রিহাব)

## জমা পড়েনি ১০ হাজার বৈধ অস্ত্র,, পর্যালোচনা হবে আওয়ামী লীগ আমলের লাইসেন্স

আওয়ামী লীগ সরকারের সময় যে-সব অস্ত্রের লাইসেন্স দেওয়া হয়েছিল, সরকার সেগুলো পর্যালোচনা করার সিদ্ধান্ত নিয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। এছাড়া, ত্রয়োদশ জাতীয় নির্বাচনের আগে সদ্য বিদায়ি অন্তর্বর্তী সরকার বৈধ অস্ত্র জমা দেওয়ার যে নির্দেশ দিয়েছিল, তাতে ১০ হাজারের বেশি অস্ত্র জমা পড়েনি বলে তথ্য দেন স্বরাষ্ট্রমন্ত্রী। সোমবার (২৩ ফেব্রুয়ারি) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রধানদের সঙ্গে বৈঠক শেষে তিনি সাংবাদিকদের এসব কথা জানান। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আওয়ামী লীগ আমলে আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারী কারা, যথাযথ প্রক্রিয়ায় লাইসেন্স দেওয়া হয়েছে কি না, তারা লাইসেন্স পাওয়ার উপযুক্ত কি না- আইন অনুসারে তা যাচাই-বাছাই করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ রিহাব)

## দাখিল পরীক্ষার কেন্দ্র নির্ধারণে নতুন নিয়ম

২০২৬ সালের দাখিল পরীক্ষার কেন্দ্র নির্ধারণ করার নিয়মে পরিবর্তন এনেছে মাদরাসা শিক্ষা বোর্ড। এখন থেকে কোনো মাদরাসা যদি নিজে পরীক্ষাকেন্দ্র হয়, তবে সেই মাদরাসার পরীক্ষার্থীরা নিজেদের প্রতিষ্ঠানে পরীক্ষা দিতে পারবে না। এর পরিবর্তে তাদের পাশের অন্য কোনো কেন্দ্রে পরীক্ষায় অংশ নিতে হবে। সোমবার (২৩ ফেব্রুয়ারি) মাদরাসা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসানের সই করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। গত ১০ ডিসেম্বর অনুষ্ঠিত কেন্দ্র কমিটির ১১৮তম সভার সিদ্ধান্ত অনুযায়ী এ ব্যবস্থা নেওয়া হয়েছে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়। নতুন নিয়ম অনুযায়ী, যে-সব উপজেলা ও জেলা শহর বা মহানগরীতে দুই বা ততোধিক পরীক্ষাকেন্দ্র রয়েছে, সে এলাকার মাদরাসার পরীক্ষার্থীরা নিজ প্রতিষ্ঠানের পরিবর্তে কাছের অন্য কেন্দ্রে পরীক্ষা দেবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ রিহাব)

## গ্রাম আদালত আইন কেন বাতিল ঘোষণা করা হবে না, হাইকোর্টের রুল

গ্রাম আদালত আইন, ২০০৬ কেন অসাংবিধানিক ও বাতিল ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। আইন সচিবসহ সংশ্লিষ্টদের চার সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে। এ বিষয়ে করা রিটের প্রাথমিক শুনানি নিয়ে সোমবার (২৩ ফেব্রুয়ারি) হাইকোর্টের বিচারপতি আহমেদ সোহেল এবং বিচারপতি ফাতেমা আনোয়ারের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ রুল জারি করেন। আদালতে এদিন রিটের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট ইশরাত হাসান। গত ১৫ ফেব্রুয়ারি গ্রাম আদালত আইন, ২০০৬-এর সাংবিধানিক বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট করা হয়। রিটে আইনটিকে সংবিধানবিরোধী উল্লেখ করে এর বাতিল চাওয়া হয়। সুপ্রিম কোর্টের আইনজীবী ইশরাত হাসান হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় রিটটি করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৩.০২.২০২৬ রিহাব)

# BBC

### BRITON AMONG 19 KILLED IN NEPAL BUS CRASH

A 24-year-old British man is among 19 people who were killed in a bus crash in Nepal, police say. The bus - which had been carrying tourists - had been travelling to the capital, Kathmandu, when it lost control and fell 200m onto the bank of the Trishuli river, in the country's central Dhading district, early on Monday morning. There were 44 people onboard including the driver, 25 of whom suffered injuries. The bus had been travelling from Pokhara, a popular tourist spot. Authorities say they are investigating the cause of the incident.
(BBC News Web Page: 23/02/26, FARUK)

### KIM JONG UN RE-APPOINTED LEADER OF NORTH KOREA'S RULING PARTY

North Korea's ruling Workers Party has again chosen Kim Jong Un to be its general secretary, state media report. The announcement, which was made at a rubber-stamp party congress in Pyongyang on Sunday, comes as little surprise given the Kim family has ruled by dictatorship since the late 1940s. State-run KCNA said that under Kim's leadership North Korea "radically improved" its "war deterrence", "with the nuclear forces as its pivot". Despite long-standing international sanctions, North Korea has continued to build its nuclear capabilities, regularly testing banned intercontinental missiles. But the secrecy of the regime makes it harder to evaluate how much progress the military has made.
(BBC News Web Page: 23/02/26, FARUK)

### VIOLENCE ERUPTS IN MEXICO AFTER DRUG LORD EL MENCHO KILLED

A wave of violence has broken out in Mexico after the country's most wanted drug baron was killed in an operation seeking his arrest. Nemesio Oseguera Cervantes, known as "El

Mencho", was the leader of the feared Jalisco New Generation (CJNG) drug cartel and died after being seriously injured in clashes between his supporters and the army on Sunday. Four CJNG members were killed during the operation in the town of Tapalpa, in the central-western Jalisco state, and three army personnel were also injured, the Mexican defence ministry said. Retaliation for the drug lord's death has seen violence spread to at least a dozen states, with CJNG blocking roads with burning vehicles.
(BBC News Web Page: 23/02/26, FARUK)

**INDIA AND US DEFER TRADE TALKS AFTER SUPREME COURT'S TARIFF RULING**

India and the US have deferred trade talks which were set to take place this week as they "study the implications" of the US Supreme Court striking down the Donald Trump administration's global tariffs, an Indian commerce ministry official told the BBC. An Indian delegation was due to travel to Washington this week to finalize the terms of an interim trade deal which was announced earlier this month. The agreement reduced US tariffs on Indian goods from 50% to 18%, even though several aspects of it remained unclear. The Supreme Court ruling has led to new uncertainties as Trump said he would impose global tariffs of 15% on all goods coming into the US. (BBC News Web Page: 23/02/26, FARUK)

**US BEGINS WITHDRAWING FROM ITS LARGEST MILITARY BASE IN SYRIA**

The United States has started withdrawing from a key military base in northeastern Syria and redeploying its forces to northern Iraq, marking the first phase of a pullout expected to last several weeks. Heavy machinery, personnel and trucks carrying armoured vehicles could be seen moving on Monday in the northwestern city of Hasakeh from the Qasrak base, the largest US base in Syria. They were headed towards the semiautonomous Kurdish region of northern Iraq. (BBC News Web Page: 23/02/26, FARUK)

**READY FOR TALKS BUT WILL DEFEND ITSELF AGAINST US AGGRESSION: IRAN**

As a new round of talks between the United States and Iran is scheduled to take place in Geneva, Tehran has reiterated that it wants to find a diplomatic solution with the US on its nuclear programme but will defend itself if Washington resorts to military action. Iran's Ministry of Foreign Affairs spokesman Esmaeil Baghaei said on Monday that any US attack, including limited strikes, would be considered an "act of aggression" that would precipitate a response after US President Donald Trump said he was considering a limited strike on Iran. "An act of aggression would be regarded as an act of aggression. Period. And any state would react to an act of aggression as part of its inherent right of self-defence ferociously, so that's what we would do," Baghaei said during a media briefing.
(BBC News Web Page: 23/02/26, FARUK)

**HUMAN RIGHTS OUTMUSCLED BY 'RULE OF FORCE' GLOBALLY: UN CHIEF WARNS**

"Human rights are under a full-scale attack around the world" as the powerful trample on international law, according to United Nations Secretary-General Antonio Gutierres. "The rule of law is being outmuscled by the rule of force," he said at the opening of the UN Human Rights Council's annual session in Geneva on Monday. Gutierres stressed that "this assault is not coming from the shadows or by surprise. It is happening in plain sight - and often led by those who hold the greatest power." He did not mention specific situations although he did voice outrage at Russia's war in Ukraine, where he said more than 15,000 civilians had been killed in four years of violence. Gutierres also highlighted the "blatant violations of human rights, human dignity and international law in the occupied Palestinian territory". (BBC News Web Page: 23/02/26, FARUK)

## :: THE END ::